

ট্যেকিযন

কল্পনার বিজ্ঞান

এপ্রিল ২০২৩

বাংলাদেশ

রোগাক্রান্ত চা পাতা
শনাতে বাংলাদেশী
বিজ্ঞানীদের আবিষ্কার

সাম্প্রতিক

AI যুদ্ধে মাইক্রোসফট
যেভাবে এগিয়ে গেলো

গুজব খণ্ডন

গুগল বার্ড কি নিজে
নিজে বাংলা শিখেছে?



ট্যাকিয়ন

বঙ্গবন্ধুর বিজ্ঞান

এপ্রিল ২০২৩ সংখ্যা

পিডিএফ সংস্করণ

মূল্য – আপনাদের ভালোবাসা

ট্যাকিয়ন কার্যনির্বাহী টিমের সদস্যরা

কে. এম. শরীয়াত উল্লাহ - প্রেসিডেন্ট

রওনক শাহরিয়ার - জেনারেল সেক্রেটারি

এস. মাহমুদ নাবিল - আইটি সেক্রেটারি

সৈয়েদা তাসনিম - অর্গানাইজিং সেক্রেটারি

সাদিয়া ইয়াসমিন - পাবলিকেশন সেক্রেটারি

এম সামিউল হাসনাত - সহকারি পাবলিকেশন সেক্রেটারি

মোহাম্মদ সিফাত - ট্রেজারী সেক্রেটারি

মোহাম্মদ আতাউর রহমান আহাদ - ভিজ্যুয়াল আর্টস সেক্রেটারি

কল্পনার বিজ্ঞান

ট্যাকিয়ন

এপ্রিল ২০২২

ম্যাগাজিন-যোদ্ধারা

সম্পাদক

রওনক শাহরিয়ার,

লেখা সংগ্রহ, নির্বাচন ও ফ্যাক্ট চেক

সানজিদা ইসলাম শেফা,

সাদিয়া ইয়াসমিন,

কে. এম. শরীয়াত উল্লাহ,

মোহাম্মদ সিফাত হাসান

প্রচ্ছদ, লে-আউট ও ডিজাইন

রওনক শাহরিয়ার

ফ্রন্ট রিডিং

রওনক শাহরিয়ার,

ওয়াসীমুল ইসলাম রাব্বি,

আব্দুল্লাহ আল মাহমুদ

ইনফোগ্রাফ, মিমস ও ফ্যাক্টস

এম সামিউল হাসনাত,

প্রশ্নোত্তর পর্ব

সানজিদা ইসলাম শেফা,

মোহাম্মদ সিফাত হাসান

আমাদের কিছু কথা

এই কিছুদিন আগেও কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে আমরা কল্পবিজ্ঞানের বইতে পড়তাম, পৃথিবীর কর্তৃত্ব একদিন বুদ্ধিমান রোবটদের হাতে চলে যাবে; রোবটের সাথে চলবে মানুষদের সংঘাত। বুদ্ধিমান রোবটদের এগিয়ে যাওয়া, নিজস্ব চিন্তাশক্তি ও বোঝার এই সক্ষমতাকে আমরা কৃত্রিম বুদ্ধিমত্তা হিসেবে জানি। গত কয়েক বছরে এই কৃত্রিম বুদ্ধিমত্তার গবেষণা বেড়েছে বিপুল পরিমাণে। সর্বক্ষেত্রে ইতোমধ্যে চলছে এর প্রয়োগের প্রচেষ্টা। সবার মুখে মুখে এখন শোনা যায় মিডজার্নি, চ্যাটজিপিটির নাম। যুগান্তকারী এই কৃত্রিম বুদ্ধিমত্তার এতটা প্রয়োগ ইতিহাসে আগে আর কখনও দেখা যায়নি।

কিন্তু কী এই কৃত্রিম বুদ্ধিমত্তা, এর প্রভাব আমাদের সমাজে কতটুকু, এটা কি আমাদের জব সেक्टरকে ধংস করবে, না-কি পৃথিবীকে নতুন করে গড়তে সহায়তা করবে। সাম্প্রতিককালের এই বিশাল ব্যাপারটি নিয়েই আমাদের এবারের ম্যাগাজিন। এতে থাকছে নানা আর্টিকেল ও বিজ্ঞান তথ্য, যা পাঠকদের জ্ঞানের পিপাসা পূরণে কিছুটা হলেও সক্ষম হবে।

ট্যাকিয়ন একটি বিজ্ঞান সংগঠন হিসেবে সবার কাছে বিজ্ঞানের ব্যাপারগুলো বৈজ্ঞানিকভাবেই তুলে ধরতে পছন্দ করে। তবে এখানে কল্পনাশক্তি ব্যবহারেও কোনো বাধা নেই। বিজ্ঞানে কল্পনাকে কেউ আটকাবে না, বাধা দেবে না।

- রওনক শাহরিয়ার

সম্পাদক, ট্যাকিয়ন

আমাদের সাথে যুক্ত হতে

ওয়েবসাইট: <https://tachyonts.com>

ফেইসবুক পেইজ: www.facebook.com/TachyonTs

ফেইসবুক গ্রুপ: www.facebook.com/groups/tachyonts

ইউটিউব চ্যানেল: <https://youtube.com/c/tachyonts>

ই-মেইল: editortachyon@gmail.com

সূচিপত্র

ফিচার ও কৃত্রিম বুদ্ধিমত্তা

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI) টেকনোলজির
যুদ্ধে মাইক্রোসফট কীভাবে এগিয়ে গেল? (৫)

অ্যালগরিদম : সামাজিক যোগাযোগ মাধ্যমের
জাদুর কাঠি (১৫)

গুগল বার্ড কি নিজে নিজে বাংলা শিখেছে (২৫)

রোগাক্রান্ত চা পাতা শনাক্তে বাংলাদেশি বিজ্ঞানীদের
আবিষ্কার (৩১)

মানুষের নৈতিকতায় প্রভাব ফেলে চ্যাটজিপিটি (৫০)

কৃত্রিম বুদ্ধিমত্তার জগতে অগ্রগতি (৫২)

বিষয়ভিত্তিক লেখা

ওভারথিংকিং কী ও কেন (৯)

জলবায়ু: প্রভাব আসলে কতদূর? (১১)

ভ্যাকসিন আমাদের দেহে কীভাবে কাজ করে (২৮)

বাংলায় বিজ্ঞানচর্চা কেন গুরুত্বপূর্ণ? (৩৪)

২০৩৮ সালে ঘড়ি কাজ করা বন্ধ করে দিবে (৩৬)

The Game of Uncertainty (৩৯)

বৃত্ত কেন ৩৬০ ডিগ্রি (৪৫)

চিটিং ছাড়াই ওয়ার্ডল জিতব কীভাবে? (৪৮)

এছাড়াও রয়েছে

ইনফোগ্রাফিক্স (২৩)

মুন্ডি রিভিও: I, Robot (২৯)

ফ্যাক্ট ফ্যাক্টরি (২৩)

কুইজ (৫৯)

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI) টেকনোলজির যুদ্ধে মাইক্রোসফট কীভাবে এগিয়ে গেল?

কয়েকমাস ধরে আমরা সবাই যেন আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা এআই (AI) এর সাথে আরেকটু বেশ মিশে গিয়েছি সবাই। ChatGPT, Dall-e, Midjourney -ময় হয়ে গেছে আমাদের সব সোশ্যাল মিডিয়া। বিশেষত

ChatGPT আসার পর তো কথাই নেই! ভালো, মজার ও সুন্দর সুন্দর অনেক কাজের পাশাপাশি এসব এআই মডেলগুলো নিয়ে মিমও কিন্তু কম বানানো হয়নি! আজকাল প্রায় সবই করা যাচ্ছে এআই দিয়ে!

অ্যাসাইনমেন্ট লিখা লাগবে? ChatGPT!

ছবি আঁকা বা প্রোডাক্ট ডিজাইন করা লাগবে?

Midjourney!

ভিডিও বানানো লাগবে? Sythesia!

কোড লেখা লাগবে? ChatGPT, Github Co-pilot!

এবার আসি একটু পর্দায় আড়ালে।

এসব যে মডেলগুলো আমরা দেখছি, ব্যবহার করছি, এগুলো কে বানিয়েছে? হালের জনপ্রিয় ChatGPT, Dall-E, Dall-E 2 ও Vall-E বানিয়েছে OpenAI নামক একটি প্রতিষ্ঠান। কোড লিখার গিটহাব কো-পাইলটের মালিক গিটহাব। Midjourney নিজেই



Microsoft



একটা প্রতিষ্ঠান, ইউরোপীয় একটি ভেঞ্চার ক্যাপিটালের (বড়ো বিনিয়োগকারী প্রতিষ্ঠান, যারা লাভজনক হবে স্টার্টআপে বিনিয়োগ করে) এতে বিনিয়োগ আছে। OpenAI প্রতিষ্ঠিত হয় ২০১৫ সালে। তখন AI নিয়ে মানুষের মধ্যে এক ধরনের ভয় কাজ করত, যে তাঁরা দুনিয়ার দখল নিয়ে নেবে কি না! তাই, হিউম্যান ফ্লেভলি এআই নিয়ে গবেষণা ও কাজের জন্য ৬ ব্যক্তি মিলে ১ বিলিয়ন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দেন এবং এটি প্রতিষ্ঠা করেন। (মজার বিষয় হচ্ছে এ ৬ জনের একজন হলেন ইলন মাস্ক! হ্যাঁ, এই যুগে ইন্টারেস্টিং কিছু হবে আর তার সাথে ইলন মাস্কের নাম জড়াবে না - এটা সম্ভবত শুনতেই বেমানান লাগে! অবশ্য তিনি ২০১৮ সালে OpenAI Director এর পদ ছাড়েন। তবে, হ্যাঁ, রিসার্চের জন্য দান করা অব্যাহত রাখেন।)

মাইক্রোসফট এলো কোথায় থেকে?

মাইক্রোসফট আলোচনায় আসে ২০১৮ সালে। ৪ই জুন এটি প্রোগ্রামারদের জন্য 'মাস্ট' টাইপের একটা সাইট 'গিটহাব' ত্রয় করে সাড়ে ৭ বিলিয়ন ডলারে। গিটহাব হচ্ছে কোড স্টোরিং, শেয়ারিং ও ভার্সন কন্ট্রোল সফটওয়্যার। তারপর ২০১৯ সালে মাইক্রোসফটের সিইও সত্য নাদেলা আবারও আলোচনায় আসেন OpenAI -এ ১ বিলিয়ন ডলার ইনভেস্টমেন্টের মাধ্যমে।

এ দুটো ইনভেস্টমেন্ট কেন খুব গুরুত্বপূর্ণ?

প্রথমত আসি, গিটহাবের বিষয়ে।

গিটহাব ইউজ করেন না, কিন্তু ভালো প্রোগ্রামার - এটা মোটামুটি অবাস্তব জিনিস! বরং গিটহাব প্রোগ্রামারদের জন্য একটা

'মাস্ট হ্যাভ স্কিল'। প্রোগ্রামারদের জাজ করতে হলে, প্রায় সবাই সবার আগে বলেন, “তোমার গিটহাবের লিংকটা দাও!” এখানে লাখ-লাখ প্রোগ্রামারের লেখা



কোটি-কোটি লাইন কোড আছে। আর এসব ব্যবহার করেই গিটহাব বানিয়েছে গিটহাব কো-পাইলট, AI কোড রাইটার। গিটহাব কো-পাইলট এর কাজ হলো কোড লিখতে মানুষকে সাহায্য করা। বিভিন্ন প্রাথমিক কোড লেখা থেকে শুরু করে বেশ কিছু মজার কাজ ও ইন্টারমিডিয়েট লেভেল আন্ডারস্ট্যান্ডিং দিতে পারে এই কো-পাইলট। অনেক ব্যবহারকারীই এটা নিয়ে বেশ খুশি। তাহলে মাইক্রোসফটের কাছে এমন এক জিনিস আছে, যেটা কোড লিখতে পারে!

এবার আসি, OpenAI নিয়ে।

OpenAI এবং Microsoft ডিলের কারণে OpenAI -এর GPT-3 মডেলটি মাইক্রোসফট তাদের বিভিন্ন প্রোডাক্টে ইউজ করতে পারবে। GPT-3 হলো একটা উন্নতর ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং মডেল। অর্থাৎ এটা টেক্সট-ডেটা নিয়ে কাজ করতে পারে। আমাদের চেনা-পরিচিত ChatGPT -কে বলা হচ্ছে GPT-3.5, যা GPT-3 এর চেয়ে একটু ভালো। এখন এই জিনিস নিয়ে মাইক্রোসফট কী করবে? মাইক্রোসফটের নিজস্ব সার্চ ইঞ্জিন হচ্ছে বিং (Bing)। কিন্তু এটা আমরা সচরাচর কেউই ব্যবহার করি না। কেন করি না? বাজে জিনিস, ভালো রেজাল্ট আসে না, তাই! এর চেয়ে গুগল ক্রোম অনেক ভালো আর ফ্রি! এখন মাইক্রোসফট GPT-3, ChatGPT -এর মতো মডেলগুলো কাজে লাগাবে বিং-এ যাতে এটা আরও ভালো পারফর্ম করে, ক্রোমের চেয়েও আরও বেটার রেজাল্ট দেয়। চ্যাটজিপিটির কারণে অনেকেই গুগল সার্চের দুর্দিন দেখছেন, কেননা এটি গুগলের চেয়েও ভালো সার্চ রেজাল্ট দিতে পারে! আর এরকম ChatGPT চালিত স্মার্ট সার্চ ইঞ্জিন কে না চায়? পাশাপাশি মাইক্রোসফটের খুব জনপ্রিয় প্রোডাক্ট হচ্ছে মাইক্রোসফট অফিস। এখন MS Office -এ যদি ChatGPT থাকে? এক্সেলের সূত্র লিখার দিন শেষ! স্লাইডও হয়তো ডিজাইন করে দিতে পারবে,

আউটলুক হয়তো নিজেই মেইল লিখে পাঠিয়ে দেবে! এটাই চায় মাইক্রোসফট!

তারপর আসে Dall-E। Dall-E, Dall-E 2 হচ্ছে ইমেজ জেনারেশন মডেল। কাল্পনিক ইমেজ, যে ছবি কখনও কেউ আঁকেনি, হয়তও আঁকবেও না, এমন ছবি আঁকে Dall-e। Midjourney -র বড়ো বোন বলা যায়! মাইক্রোসফট কী করতে চায়? Dall-E দিয়ে Bing Image Creator বানাতে চায়। যাতে নেটে এই রকম ছবি না থাকলেও আমরা সার্চ দিয়ে মনমতো ছবি পেতে পারি! নিজেরা নিজেদের ইচ্ছেমতো ছবি বানাতে পারি!

তারপর আরও আছে Vall-e, যার কাজ হচ্ছে অবিকল মানুষের মত ভয়েস জেনারেট করা। মার্টিন লুথার কিং এসে যদি ক্লাবের সেমিনারে বক্তব্য দিত, কেমন হতো? এসব করতে পারবে Vall-e!

মাইক্রোসফটের গেমিং প্ল্যাটফর্ম আছে আমরা জানি - Xbox, সেখানেও নতুন নতুন মজার মজার গেম তৈরি করতে পারে তারা এসব মডেল দিয়ে! পাশাপাশি, মাইক্রোসফটের ক্লাউড সেবা Azure -তেও আসছে ChatGPT। ফলে এন্টারপ্রাইজ লেভেলে সব প্রতিষ্ঠান ChatGPT ব্যবহার করতে পারবে। কাস্টমার সার্ভিসে ম্যাসেজ দিলে ChatGPT আমাদেরকে সব বুঝিয়ে দেবে, অভিযোগ নেবে, সমাধান দেবে! ভাবা যায়?

তাহলে কোড লেখা, লেখালিখি, কথা বলা, ছবি বানানো - ৪টা কাজেরই বর্তমানে সেরা মডেলগুলো আছে মাইক্রোসফটের হাতে! এবং এগুলো তাদের বিভিন্ন প্রোডাক্টে কীভাবে ব্যবহার করা যায়, এটা নিয়ে তাঁরা কাজ করে যাচ্ছে; কিছু কিছু জিনিস চালুও করে ফেলেছে! যেখানে এরকম একটা স্টেট অব দি আর্ট মডেল থাকাই অনেক বড়ো কিছু, সেখানে ৪টি সেক্টরের সেরা মডেলগুলো দিয়ে চাইলে কিন্তু

মাইক্রোসফট নিজেদের প্রোডাক্টগুলো বৈপ্লবিক পরিবর্তন করে ফেলতে পারে; দুনিয়া উল্টিয়ে দিতে পারে! এখন পর্যন্ত তাই এআই -এর যুদ্ধে মাইক্রোসফট অন্য সবার চেয়ে কয়েক কদম সামনে আছে!



সামনে কী করবে মাইক্রোসফট?

৪টা স্টেট অব দি আর্ট মডেল নিয়েই কিন্তু থেমে নেই মাইক্রোসফট। এই বছরের শুরুর দিকে তারা OpenAI -এ আরও ১০ বিলিয়ন ডলার ইনভেস্ট করেছে, আরও ৪৯% শেয়ার গ্রহণ করেছে। এখন OpenAI এর মার্কেট ভ্যালু ২০ বিলিয়ন ডলারের মতো, তবে সামনের কয়েক বছরেই এটা বর্তমানের ৫-৬ গুণ হয়ে যাবে বলে ধারণা সবারই। আবার, OpenAI এই বছরেই GPT-4 বের করার পরিকল্পনা করছে। ChatGPT মডেলে মোট প্যারামিটার ছিল ১৭৫ মিলিয়ন; আর GPT-4 এ গিয়ে এতে ১ বিলিয়নের মতো প্যারামিটার রাখার পরিকল্পনা করা হচ্ছে! অন্যান্য মডেলগুলোতেও এর পরিমাণ হু-হু করে বাড়বে। (একটা মজার ফ্যাক্ট: ChatGPT মডেল ট্রেন করতে প্রায় ৯৩৬ মেগাওয়াট বিদ্যুৎ লেগেছিল, যা দিয়ে প্রায় ১ লাখ ঘরে একদিন কারেন্ট দেয়া যেত! একই কাজ করতে আমাদের ব্রেনের কত লাগত? মাত্র ৪০ ওয়াট! আমরা মানুষরা অনেএএএক ইফিশিয়েন্ট! একটা প্রশ্ন, ১ বিলিয়ন প্যারামিটারের GPT-4 এ কত ওয়াট বিদ্যুৎ লাগতে পারে?) মাইক্রোসফট সুপার কম্পিউটার বানাচ্ছে এসব জটিল মডেল নিয়ে কাজ করার জন্য, পাশাপাশি পাইটর্চের (পাইথন মেশিন লার্নিং লাইব্রেরি) বিভিন্ন মডিউলগুলো ইমপ্রুভ করছে আরও ইফিশিয়েন্টলি কাজ করার জন্য।

গুগল কী করছে?

গুগল অনেক আগে থেকেই এসব নিয়ে কাজ করছে। ২০১৪ সালেই তারা 'ডিপমাইন্ড' গ্রহণ করে। ডিপমাইন্ড সাধারণ উদ্দেশ্যে মেশিন লার্নিং মডেল নিয়ে কাজ করে, যেটা সহজেই অনেক লোক ব্যবহার করতে পারবে। ডিপমাইন্ড 'গুগল অ্যাসিস্ট্যান্ট' তৈরিতে বড়ো ভূমিকা রেখেছিল, যা 'অ্যামাজন অ্যালেক্সা' এর প্রতিদ্বন্দ্বী।

সম্প্রতি গুগল তাদের নতুন মডেল 'Bard' এর ঘোষণা দিয়েছে, যা ৫৪০ মিলিয়ন প্যারামিটারের। কনভার্সেশনাল ও ইন্টারপ্রেটিং এআই হিসেবে তারা কাজ করছে - ল্যান্ডসডা দিয়ে। এটা নিয়ে ২০২২ সালে বেশ বিতর্ক হয়েছিল যে, এটা মানুষের মতো 'আবেগীয় সংবেদনশীলতা' ব্যবহার করতে পারে! তারপর ছবি তৈরির জন্য আছে, Imagen, Dreambooth। আরও বেশ কিছু ভালো মডেল ও প্রোডাক্ট আছে গুগলের (যেমন, গুগল ট্রান্সলেটর, স্পিচ টু টেক্সট মডেল ইত্যাদি)। তবে গুগল যেহেতু সব পাবলিকলি শেয়ার করে না ব্যবহারের জন্য, তাই হতে হয়েছে। তাছাড়া Bard এর ভুল ট্রেনারের জন্য গুগলের প্যারেন্ট কোম্পানিকে ইতোমধ্যে ১০০ বিলিয়ন ডলারের ক্ষতির সম্মুখীন হতে হয়েছে। সাধারণ মানুষদের জন্য উন্মুক্ত হলে প্রতিযোগিতায় কতটা এগিয়ে থাকবে তা জানা যাবে।

এআই মডেলগুলো ঘুরে দেখার জন্য

১। ChatGPT: <https://chat.openai.com/chat>

২। Dall-e: <https://openai.com/dall-e-2/> (Discord লাগবে)

৩। Google AI Experiments: <https://experiments.withgoogle.com/collection/ai>

৪। Midjourney: <https://www.midjourney.com/app/> (Discord লাগবে)

৫। Synthesia: <https://www.synthesia.io/>

সবশেষে দেখা যাচ্ছে, খুব সহজেই ChatGPT, GPT-3, Dall-e, Vall-e ও Github Copilot - সবগুলো স্টেট অব দ্য আর্ট মডেল নিয়ে এআই টেকনোলজির যুদ্ধে সবচেয়ে এগিয়ে আছে মাইক্রোসফট। সত্য নাদেলার দুটো যুগান্তকারী চুক্তি মাইক্রোসফটকে খুব সহজেই একটা ভালো অবস্থানে নিয়ে গেছে; যেটা গুগল নিজেরা করতে গিয়ে হয়তো কিছুটা পিছিয়ে পড়েছে। তবে, সুন্দর পিচাইও থেমে থাকার মানুষ না!

তাই সব মিলিয়ে ২০২৩ সালটা খুব ইন্টারেস্টিং হতে যাচ্ছে এআই অ্যাপ্লিকেশনিস্টদের জন্য!



ছবি: Midjourney-তে তৈরি করা

লেখক: আজমাইন তৌসিক ওয়াসি,

ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ,
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

ওভারথিংকিং কী এবং কেন

ওভার থিংকিং

আমাদের জীবনে সবারই এমন অবস্থা কখনও না কখনও এসেছে, যখন আমরা অহেতুক অতিরিক্ত চিন্তাভাবনা করে অস্থির হয়ে পড়েছি। "এটা কী হতে পারে?" "এমন হলে যদি খারাপ হয়?" "এত খারাপ অবস্থা হলে আমি কী করব?" ইত্যাদি এই 'কী', 'কেন', ও 'কীভাবে' প্রশ্নসমূহের ভিড়ে আমরা প্রায়শই যেন নিজেদের হারিয়ে ফেলি। এ-সকল অজানা মুখোশধারী প্রশ্নের গোলকধাঁধায় ঘুরপাক খেতে খেতে হয়তো মাঝেমাঝে পুরো দিনটাই মাটি হয়ে যায়। কিন্তু গোলকধাঁধার শেষ প্রান্তদ্বারে আর পৌঁছানো হয় না। আমাদের ক্ষুদ্র অথচ যথেষ্ট কাজের এই মস্তিষ্কে তথাকথিত এসব অজানা মুখোশধারী প্রশ্নগুলোর হঠাৎ আগমনের প্রক্রিয়াকেই আমরা ওভারথিংকিং বা অতিরিক্ত চিন্তা বলে চিনি। কিন্তু মস্তিষ্কে এই তাণ্ডবলীলা কীভাবেই-বা হয়? হঠাৎ করেই কিছু অজানা অহেতুক প্রশ্ন কেনই-বা এত উদ্গ্রীব ও অস্থির করে তোলে আমাদের? এ-সকল প্রশ্নের উত্তর খুঁজে পাওয়ার জন্য আমাদের বুঝতে হবে এই ওভারথিংকিংয়ের পেছনের বিজ্ঞানকে।

ওভারথিংকিং এর যত ধরন

এই জিনিসেরও যে কিছু ধরন থাকতে পারে তা হয়ত বিশ্বাস করা শক্ত। আপাতদৃষ্টিতে ওভারথিংকিংকে অতিরিক্ত চিন্তা বলেই চিনি আমরা। তবে ওভারথিংকিংয়ের বিভিন্ন ধরন থাকার মূল কারণ হলো 'কগনিটিভ ডিসটর্শনস' যেগুলো আসলে নেগেটিভ চিন্তাধারা। নিম্নে ওভারথিংকিংয়ের কিছু ধরন এবং এদের কতিপয় বৈশিষ্ট্য জেনে নেওয়া যাক।



সব অথবা কিছুই না

একে বলা হয় "অল অর নাথিং ওভারথিংকিং (All or Nothing)। কোনো বিষয়ের আলাদাভাবে কিছু ভালো দিক এবং কিছু খারাপ দিক বিবেচনায় না এনে সার্বিকভাবে ভালো এবং খারাপের ভিত্তিতে পুরো বিষয়টিকে বিশ্লেষণ করাই মূলত এই ধরনের ওভারথিংকিংয়ের বৈশিষ্ট্য। এটা বিভিন্ন বিষয়াদিকে একেবারে সাদা-কালো চশমায় দেখার মতো।

সর্বনাশা যা কিছু

এই ধরনের চিন্তাধারাকে বলা হয় 'ক্যাটাষ্ট্রোফাইজিং' (catastrophizing)। যাকে বাংলায় বলা যায় সর্বনাশা চিন্তাভাবনা। কোনো ছোটো বিষয়কে অতিরঞ্জিত করে কিংবা ভয়াবহ করে ভাবাই মূলত এই ধরনের ওভারথিংকিংয়ের বৈশিষ্ট্য। উদাহরণস্বরূপ বলা যায়, পরীক্ষায় পাশ না করলে স্কুল থেকে বিতাড়িত হওয়া, পরবর্তীতে কোনো ভালো জায়গায় ভর্তি হতে না পারা এবং অবশেষে চাকরি না পাওয়া, এই ধরনের অহেতুক বিরাট মাত্রার চিন্তাভাবনাকেই বলা হয় ক্যাটাষ্ট্রোফাইজিং।

মুখোশের পেছনের বিজ্ঞান

ওভারথিংকিং প্রসঙ্গে 'কেন' প্রশ্নের উত্তর দিতে হলে আমাদের জানতে হবে মস্তিষ্কের কিছু উল্লেখযোগ্য খণ্ডাংশ সম্পর্কে, যেখানে এই ওভারথিংকিং প্রক্রিয়ার জন্ম। বৈজ্ঞানিক গবেষণায় দেখা গেছে, ওভারথিংকিং তথা অতিরিক্ত দুশ্চিন্তা দেহ-মনের বিষণ্ণতা, হতাশা এবং পোস্ট ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডারের (PTSD) সাথে জড়িত। এছাড়াও ওভারথিংকিংয়ের ফলে হতে পারে জেনারাইজড এনজাইটি ডিজঅর্ডার (GAD), অবজেসিভ কমপালসিভ ডিজঅর্ডার (OCD), ও সোশ্যাল এনজাইটি ডিজঅর্ডার (SAD)।

আমাদের মস্তিষ্কের একটা অংশ হলো অরবিটোফ্রন্টাল কর্টেক্স (orbitofrontal cortex)। যা আমাদের চক্ষু জোড়ার পেছনে এবং হাইপোথ্যালামাসের সামনে অবস্থিত। এই অংশ স্ট্রেস লেভেলের সাথে সংযুক্ত। গবেষণালব্ধ ফলাফল অনুযায়ী, এই অরবিটোফ্রন্টাল কর্টেক্সের বাম অংশ যত বেশি মোটা হয় উদ্ভিন্নতার পরিমাণও তত কম হয়। আবার কিছু হরমোন যেমন: ডোপামিন- যার কাজ মূলত মস্তিষ্কের এক স্থানে আশঙ্কা বা ভালো লাগার অনুভূতি জাগিয়ে তোলা এবং

অ্যাড্রেনালিন- এই হরমোন হৃৎস্পন্দন এবং রক্তচাপের ওপর প্রভাব ফেলে, সাথেই সেরোটোনিন এবং কর্টিসলের সাথে আমাদের এই ওভারথিংকিংয়ের প্রথম সূত্রপাত ঘটায়। এখানে কর্টিসল মূলত হাইপোথ্যালামাসে গভীর উদ্ভিন্নতার তৈরি করে। কর্টিসল মস্তিষ্কের কেন্দ্রে অবস্থিত হাইপোথ্যালামাসে নিঃসৃত হয়। এই কর্টিসলের কার্যকারিতা বাধাগ্রস্ত হলে ওভারথিংকিং অনেকাংশেই বন্ধ হয়ে যায়। কর্টিসল নিঃসৃত হওয়ার পর মস্তিষ্কে এর প্রভাব বিস্তার করার জন্য থাকে কর্টিসল রিসেপ্টর, যা এই কর্টিসলকে গ্রহণ করে। অর্থাৎ এই রিসেপ্টরের গ্রহণ করার পথ বন্ধ করলে কর্টিসল স্ট্রেস তৈরি করতে পারবে না। এর জন্য করতে মূলত মস্তিষ্কের পরিবর্তন আনতে হবে, যা করতে দরকার পর্যাপ্ত ঘুম ও দৈনিক শরীরচর্চা।

ওভারথিংকিং প্রতিরোধ

মেডিটেশন অনেক সময় ওভারথিংকিং কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দৈনিক পর্যাপ্ত ঘুম এবং শরীরচর্চা এর প্রবণতাকে কমিয়ে দিতে পারে। পাশাপাশি অতিরিক্ত দুশ্চিন্তাগুলো খাতায় বা ডায়ারিতে লিখে রাখলে তা ওভারথিংকিং প্রতিরোধে বেশ কার্যকরী হয়।

লেখক: সানজিদা ইসলাম শেফা
সরকারি প্রমথনাথ উচ্চ বিদ্যালয়



জলবায়ু: প্রভাব আসলে কতদূর?

মোঃ ফাহিম আল শাহরিয়ার,
রাজশাহী ক্যাডেট কলেজ

আচ্ছা, যদি আপনাকে আজ থেকে এক হাজার বছর পরের পৃথিবী কল্পনা করতে বলা হয়, আপনার উত্তর কী হবে?

হয়তো আপনি বলবেন, প্রযুক্তিগতভাবে উন্নত একটি বিশ্ব, যেখানে হয়তো সায়েন্স ফিকশন মুভির মতো মানুষ অনেক মাইলফলক অর্জন করে ফেলেছে। কিন্তু এরকমও যদি বলা হয়, এক হাজার বছরের মধ্যে মানুষের অস্তিত্ব হুমকির মাঝে পড়বে, হয়তো বিশাল এক জনগোষ্ঠী বিলীনও হয়ে যাবে, বিশাল সব দুর্যোগের সম্মুখীন হবে পৃথিবী, আর পৃথিবীর পরিবেশ ও মানচিত্রে চলে আসবে আমূল পরিবর্তন। আপনি হয়তো বর্তমান জলবায়ু পরিবর্তনের দিকে তাকিয়ে বলতেই পারেন যে, হ্যাঁ তা কিন্তু মোটেও অসম্ভব নয়। বরং মানব অস্তিত্ব বিলীন হওয়ার সম্ভাবনাই বেশি মনে হবে!

কিন্তু তারপরও আসলেই জলবায়ু পরিবর্তনকে যতটা ভয়াবহ দেখানো হয়, ততটা কি ভয়াবহ কিছু? না সবই আমাদের ভুল ধারণা?

হয়তো জলবায়ু পরিবর্তনের ভয়াবহ প্রভাব মাথায় রেখে স্টিফেন হকিং বলেছিল,



"I don't think humans will survive another 1000 years on earth unless we spread on space."

তবে এবার কিছু পরিসংখ্যান, তথ্য উপাত্তের আদলে যুক্তি ও বিজ্ঞানের চোখে দেখব আসলেই কতটুকু ভয়াবহ জলবায়ু পরিবর্তন এবং আসলেই আমরা ধ্বংসের পথে হাঁটছি কিনা!

অংশ ০১

বৈশ্বিক উষ্ণতা এবং জলবায়ু পরিবর্তন বিষয় দুটো এত ওতপ্রোতভাবে জড়িত যেন একটি আরেকটি ছাড়া অসম্পূর্ণ।

NOAA এর এক হিসাব মতে,

“পৃথিবীর তাপমাত্রা ১৮৮০ সাল থেকে প্রতি দশকে (প্রতি দশক = ১০ বছর) ০.০৮° সেলসিয়াস হারে বেড়েছে, কিন্তু ১৯৮১ সাল থেকে প্রায় তার দ্বিগুণ ০.১৮° সেলসিয়াস হারে বেড়েছে। ২০২১ সাল ছিল মানব ইতিহাসে ৬ষ্ঠ উষ্ণতম বছর।

কিন্তু এই তাপমাত্রা আসলে কতটুকু ভয়াবহ। সেটা এখন আমরা দেখব, পৃথিবীর গড় তাপমাত্রা ২০২১ সালে বিংশ শতাব্দীর থেকে ১.৮৭° সেলসিয়াস বেশি। আর একবিংশ শতাব্দী শেষ হতে তা কততে দাঁড়াতে পারে, তা আঁচ করা যায়। বৈশ্বিক উষ্ণায়ন মারাত্মক বিপদ আনতে চলেছে।

যার প্রমাণ আমরা পাচ্ছি বর্তমান পৃথিবীর পরিবেশের ভারসাম্যহীনতা এবং পরিবেশগত সংকট দেখে! বৈশ্বিক উষ্ণায়নের মূল কারণ বা প্রভাব ফেলার পেছনে মূল কারণ হলো শিল্পায়ন এবং জীবাশ্ম জ্বালানির অত্যধিক ব্যবহার। যা বাড়াচ্ছে আমাদের অতি পরিচিত গ্রিনহাউজ গ্যাস (কার্বন ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড, হাইড্রোক্লোরোফ্লোরো কার্বন বা সিএফসি, ওজোন)। এর পাশাপাশি ক্ষতিকর অতিবেগুনি রশ্মিও আছে।

এখন গ্রিন হাউজ গ্যাসের বৃদ্ধি হচ্ছে একমুখী। অর্থাৎ তা বাড়তেই থাকবে, কমবে না। গ্রিন হাউজ গ্যাস তাপকে পৃথিবীতে ধরে রাখে, প্রতিফলিত হয়ে বাইরে যেতে দেয় না। ফলে তাপমাত্রা বেড়েই চলেছে।

গ্রিনহাউজ গ্যাসের বৃদ্ধি এর আরেকটা কারণ বন উজাড় করা। একদিকে কার্বন ডাই-অক্সাইড বেড়ে যাওয়া অন্যদিকে সেই কার্বন ডাই-অক্সাইডের সমতা বজায় রাখা গাছপালা গণহারে কেটে ফেলা। ফলে বৈশ্বিক উষ্ণায়নের জন্য দায়ী ক্ষতিকর গ্যাস যেমন বাড়ছে, তেমন গাছপালা কমে যাচ্ছে। ফলে ভারসাম্যহীনতার শিকার হচ্ছে পরিবেশ।

এখন মানুষের প্রয়োজনে শিল্পায়নকে না বলা মোটেও সম্ভব না। কিন্তু বর্জ্য ব্যবস্থাপনা, রিসাইকেলিং, পরিবেশের প্রভাব সহ বিষয়ে সরাসরি কী কী পদক্ষেপ নেয়া হচ্ছে, তা প্রশ্নের বিষয়।

জলবায়ু পরিবর্তন নিয়ে আমাদের পরিচিত বাক্যগুলোঃ

বৈশ্বিক উষ্ণায়নের ফলে কী কী ক্ষতি হচ্ছে

- মেরুর বরফ গলে যাচ্ছে। সেখানে বিভিন্ন প্রজাতির জীবের জীবন বিপন্ন হচ্ছে। আর তার ফলে সমুদ্রের উচ্চতা বাড়ছে। সুনামি, সাইক্লোন, ঝড়-সহ নানা দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে (বিশেষ করে সমুদ্র তীরবর্তী অঞ্চলের জন্য)।

- অধিক তাপমাত্রা, তার ফলে খরা সৃষ্টি হচ্ছে। যা ফসল আবাদে বাধা হয়ে দাঁড়াচ্ছে। অনেক অঞ্চলে পানিসম্পত্তা দেখা দিচ্ছে।

- নতুন নতুন দুর্ঘটনার আভাস, বন্যা, ঝড়, তুফান, সুনামি, সাইক্লোন কোনোটিই বাদ নেই।

- ১৯৭০ সাল থেকে দুর্ঘটনার প্রবণতা বেড়েছে ৫ গুণ।

- অনেক প্রজাতির প্রাণী ও জীবের আবাসস্থল হারিয়েছে। অনেকে বিলুপ্ত, অনেকে বিলুপ্তপ্রায়। উদাহরণ : দা গোল্ডেন টোড, মেরু ভালুক, অ্যাডিলি পেঙ্গুইন-সহ আরও অনেক প্রাণী ও উদ্ভিদ প্রজাতি।

- খাদ্য সংকট ঘটবে ও স্বাস্থ্য ঝুঁকি বাড়বে। কারণ পরিবেশ দূষণের ফলে নানা রোগ ছড়িয়ে পড়বে, যেমন মশার প্রকোপে ম্যালেরিয়া। নিরাপদ পানির সংকট দেখা দেবে।

- দরিদ্রতা বৃদ্ধি পাবে।

- অর্থনৈতিক ও পরিবেশগত এক বিপর্যয়ের ভেতর দিয়ে যেতে হবে সিংহভাগ মানুষকে।

এসবের কথা তো আমরা জানি বা শুনে এসেছি। কিন্তু আসলেই কি এত ভয়াবহই হবে? উত্তর হচ্ছে— জি, হ্যাঁ। ওই পথেই হাঁটছে আজকের পৃথিবী। ইতোমধ্যে অনেক প্রভাবই পড়া শুরু হয়েছে। তাই নিয়ন্ত্রণের পুরোপুরি বাইরে যেন বিষয়গুলো না যায়, সে দিকে খেয়াল রাখা এখন সময়ের দাবি। সে হিসেবে বিশ্বে জলবায়ু ইস্যুতে অনেক অর্থ বিনিয়োগ, লেখালিখি, নানা পদক্ষেপ, ক্লাইমেট সামিট হচ্ছে।

কিন্তু মূল উদবেগের বিষয় হলো, কতটুকু সাহায্য আসবে সবার পক্ষ থেকে? তা হয়তো সময়ই জানিয়ে দেবে। কিন্তু যে অশনি সংকেতের জানান দিচ্ছে তা বেশ গুরুতর।

বর্তমানে পৃথিবীর সবচেয়ে বড়ো ইস্যু হলো জলবায়ু পরিবর্তন। কারণ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং মহাসাগরের অম্লতা বৃদ্ধি ইতোমধ্যে একটা বড়ো উদবেগ।

বিশ্ব আবহাওয়া সংস্থার ২০২১ সালের রিপোর্ট অনুসারে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির হার ১৯৯৩ থেকে ২০২৩ সালের মধ্যে প্রতি বছর ০.০৮ ইঞ্চি (২.১ মিলিমিটার) থেকে ২০১৩ থেকে ২০২১ সালের মধ্যে প্রতি বছর ০.১৭ ইঞ্চি (৪.৪ মিলিমিটার) দ্বিগুণ হয়েছে।

এ শতাব্দীতেই বাংলাদেশের ক্ষেত্রেও ৬০% ভূমি নিমজ্জিত হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। আমাজনে দাবানল ও অস্ট্রেলিয়ার বনে দাবানলের কারণে বিশ্ব বনভূমির পরিমাণ কমে যাওয়া, অনবায়নযোগ্য শক্তির উৎস মূলত জীবাশ্ম জ্বালানি চাহিদা বেড়ে যাওয়া এবং তা পুড়িয়ে পরিবেশের ক্ষতি হওয়া এবং ক্ষতিকর গ্যাস বৃদ্ধি জলবায়ু পরিবর্তনে ভূমিকা রাখছে। পরিবেশগত সংকটের পাশাপাশি পরিণতিগুলো (বিপর্যয় এবং অন্যান্য) বারবার মনে করিয়ে দেয় যে, আমাদের পরিবর্তন প্রয়োজন।

অংশ ০২

প্রাকৃতিক ভারসাম্য বলে একটা কথা আছে, পরিবেশে কিছু ভারসাম্যহীনতা দেখা দিলে প্রকৃতি নিজেই পদক্ষেপ নিয়ে সমতা করার চেষ্টা করে। এই পদক্ষেপ বিরূপ আকারে আসে। কখনও দুর্যোগ হিসেবে, কখনও অন্য কোনো ক্ষতিরূপে, কিন্তু তার মাধ্যমে সমতা বজায় রাখে প্রকৃতি। ঠিক যেমন এক

বাস্তুসংস্থানে খাদ্য বেড়ে গেলে শিকারি বেড়ে যায়। আবার শিকারি বেড়ে গেলে অধিক জনসংখ্যার ফলে আসে খাদ্য সংকট। তার ফলে আবার প্রাকৃতিক নির্বাচন হয়ে কমে আসে শিকারির সংখ্যা। এভাবে সমতা বজায় থাকে প্রকৃতিতে। কোনো কিছুই চরম পর্যায়ে যাওয়ার আগে নিজেই সমতা বজায় রাখতে প্রকৃতিকে ভিন্ন রূপ ধারণ করতে হয়। সেই জন্য আমরা নানা দুর্যোগ দেখি, যা প্রকৃতির এক ভারসাম্য রক্ষার প্রক্রিয়া। কিন্তু এটা যেন মানবজাতির জন্য বিশাল ক্ষতির কারণ না হয়। আমরা যেন পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখি, তা খেয়ালে রেখে এগোতে হবে।

অনবায়নযোগ্য জ্বালানির উৎসগুলো খুব শীঘ্রই নিঃশেষ হয়ে যাবে। রিজার্ভ কমে যাবে বলে ব্যয়বহুল হয়ে যাবে অনেক। তাই আমাদের শীঘ্রই নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারে সচেতন হতে হবে। যার কাজ শুরুও হয়েছে।

গ্রিন এনার্জি ব্যবহার করা ও প্রাকৃতিক পরিবেশে নিশ্চিত করা প্রথম দায়িত্ব হওয়া উচিত। সৌরশক্তি অনেক বড় সম্ভাবনার নাম! কার্বন নিঃসরণের হার নিয়ন্ত্রণে রাখতে হবে। সবুজ বনায়ন নিশ্চিত করা, অযথা বৃক্ষ নিধন না করা। এবং তার পাশাপাশি আরো বেশি গাছ লাগানো।

সচেতনতা সবচেয়ে বেশি জরুরি।

একটা উদাহরণ দেওয়া যাক, ধরুন আপনার হাতে একটা ময়লা খোসা আছে। এখন আপনি তা ইচ্ছাকৃতভাবে এক স্থানে ফেলে নোংরা করলেন আর ভাবলেন, এত ময়লা চারিদিকে আমি একটা ফেললে কী আর হবে। সমস্যা মোটেই নেই। কিন্তু সবচেয়ে বড়ো সমস্যা হবে তখন যখন আপনার মতো ১ কোটি মানুষ প্রতিদিন এই ভাবনা নিয়ে একটা ময়লা ফেলে,

তাহলে প্রতিদিন ময়লা হলো ১ কোটি! শুধু আমি এটুকু করলে কী হবে ভাবনার জন্য! দেখলেন তো প্রভাবটা কতদূর, জলবায়ু পরিবর্তনের ইস্যু এভাবে ব্যাপকতা পায়।

আরেকটা চিন্তা করি চলুন, আপনাদের সামনে একটা ময়লা, কিছু দূরেই রয়েছে ডাস্টবিন। আপনি ঠিক করলেন আচ্ছা, যাচ্ছি যখন, ময়লাটা তুলে ফেলে দেই। দেখুন আপনার মতো ১ কোটি মানুষ এভাবে ছোট্ট অবদান রাখলে, বিশ্বকে কতটুকু পরিষ্কার রাখতে পারে! এভাবে ছোট্ট ছোট্ট অবদান বড়ো পরিবর্তনে সাহায্য করে।

পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি জাপানিদের থেকে শেখা যায়, তারা পরিবেশ রক্ষায় ও পরিষ্কার থাকার ব্যাপারে সর্বদা সতর্ক।

তাছাড়া প্লাস্টিক রিসাইকেল করা বেশ প্রয়োজন। তাই প্রতিটি ছোট্ট-বড়ো সব বিষয়ে আমাদের নজর রাখা অনেক জরুরি। মানুষের সচেতনতা ও ছোট্ট ছোট্ট অবদানের সংহতি দরকার সবচেয়ে বেশি। দিনশেষে পৃথিবীটা আমাদেরই।

অংশ ০৩

মানবজাতির রয়েছে হাজার বছর ধরে লড়াই করে বেঁচে থাকার ইতিহাস। এই সময় শত বাঁধা, শত লড়াই শেষে উঠে দাঁড়িয়েছি আমরা। শত ব্যর্থতার পরে সফল হতে শিখেছি। জলবায়ু পরিবর্তন এক ভয়াবহ দিকেরই ইশারা দিচ্ছে। তবে আমরা জানি, আমরা পারব, যেভাবে আমরা হাজার বছর ধরে টিকে আছি। আমাদের ইতিবাচক চিন্তা, পদক্ষেপ ও একটু চেষ্টাই পারে পৃথিবীকে সুন্দর ও সবুজ রাখতে।

বিজ্ঞানের নিত্যনতুন আবিষ্কার আমাদের আশা দেখায়। হয়তো শীঘ্রই আমরা ক্ষতির সম্মুখীন হতে পারি, কিন্তু তা পুষিয়ে নিয়ে আবার নতুনভাবে সামনের দিকে এগিয়ে যেতে হবে ও পৃথিবীকে সুন্দর রাখতে হবে। তাই সময় আজ ও এখনই সবকিছু নিয়ে ইতিবাচক পদক্ষেপ গ্রহণের। দিনশেষে পৃথিবী আমার আপনার সবার।

তাই আমাদের পরিবেশকে আমরা সুন্দর রাখার চেষ্টা করি। গাছ লাগাই এবং পরিবেশ পরিষ্কার রাখি। আমাদের দিক থেকে যতটুকু করা উচিত, তা চেষ্টা করব সবসময়। আপাতদৃষ্টিতে এগুলো অনেক ছোট্ট মনে হলেও, এই ছোট্ট ছোট্ট বিষয়গুলোই এক বড়ো পরিবর্তন আনতে সক্ষম।

বিশ্বকে সুন্দর করার প্রথম পদক্ষেপ তাই এখন থেকে শুরু হোক।





সামাজিক যোগাযোগ মাধ্যমের জাদুর কাঠি অ্যালগরিদম

মো রাকীবুল নেওয়াজ মাহিব
ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ।

আমার মা প্রায়ই বলেন, “বাবা, আমার ফেইসবুক পেজে শুধু রান্নার জিনিস আসে কেন? আর কিছু শিক্ষকতার জিনিস আসে, অন্য জিনিসগুলো কোথায়?”

মায়ের এই প্রশ্নের উত্তর খুব সোজা, “এর পেছনে কাজ করে এক ভার্চুয়াল জাদু, নাম হলো অ্যালগরিদম।”

জিনিসটা আসলে কি?

অ্যালগরিদম শব্দটির অর্থ সহজ বাংলায় 'নির্দেশনা'। কোনো কাজ সমাধান করার যে ধাপ বা নির্দেশনা, সেগুলোই হচ্ছে অ্যালগরিদম।

যদি প্রোগ্রামিং এর ক্ষেত্রে বলা হয়, তবে বলতে হয়, কোনো একটা সমস্যা সমাধানের জন্য লেখা

প্রোগ্রামই অ্যালগরিদম। আমাদের জীবনে যে সকল সফটওয়্যার আমরা ব্যবহার করে থাকি, সেগুলো তৈরির পেছনে কাজ করে কিন্তু অনেকগুলো প্রোগ্রাম। আর এই প্রোগ্রামগুলো যেভাবে লেখা বা যে নিয়মে লেখা হয়, সেই সম্পূর্ণ জিনিসটাকে অ্যালগরিদম বলা যায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে যে অ্যালগরিদম ব্যবহার করা হয় তার আলাদা নাম দেওয়া হয়েছে, যাকে বলে “Social Media Algorithm”।

Social Media Algorithm এমনভাবে তৈরি হয়, যাতে কোনো ব্যবহারকারীর ব্যবহারের ধরণ, সময়ক্ষেপণ, ইন্টারেকশন ইত্যাদির উপর ভিত্তি করে ঐ মিডিয়ায় থাকা কন্টেন্টের তালিকা তৈরি হয়, যেটা

ঐ নির্দিষ্ট ব্যবহারকারীকেই প্রদর্শন করানো হয়ে থাকে।

যেমন: ধরা যাক, আমি জ্যোতির্বিদ্যা নিয়ে আগ্রহী, ফলে আমি নাসার ফেসবুক পেজে মাঝে মাঝে ঢু মারি। এর মাধ্যমে ফেসবুকের অ্যালগরিদম বুঝে যায় আমাকে এই বিষয়ে কন্টেন্ট দিলে আমি খুশি হব এবং বেশি ফেসবুক ইউজ করব এসব কন্টেন্ট দেখার জন্য। তাই তাদের অ্যালগরিদমর কারণে আমি আমার নিউজ ফিডে জ্যোতির্বিদ্যা সংক্রান্ত ছবি, ভিডিও (সর্বোপরি মিডিয়া) বেশি বেশি পাব। এভাবে প্রত্যেকটা সামাজিক যোগাযোগ মাধ্যমের নিজের অ্যালগরিদম আছে, যার মাধ্যমে মানুষদের তারা আকর্ষণ করে তাদের মাধ্যম ব্যবহারে।

অ্যালগরিদম খায় নাকি মাথায় দেয়, এ সম্পর্কে হয়তো একটু ধারণা পেয়েছেন। অনেকের হয়তো ধারণা অ্যালগরিদম তৈরি হয় ব্যবহারকারী যাতে ঐ প্ল্যাটফর্ম বেশিক্ষণ ব্যবহার করে, তা নিশ্চিত করার জন্য। ধারণাটি সম্পূর্ণ সঠিক নয়।


সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর ধরনের উপর ভিত্তি করে অ্যালগরিদমগুলো তৈরি হয় ভিন্নভাবে, তাদের কাজও হয় ভিন্ন। যেমন:

১. কিছু অ্যালগরিদম তৈরি হয় যাতে করে ব্যবহারকারী প্রতিদিন সেই মাধ্যম ব্যবহার করে,
২. কারও আবার ব্যবহারকারীকে প্রতিদিন দরকার হয় না, তারা এমনভাবে তৈরি করে যাতে ব্যবহারকারী যতক্ষণই থাকে না কেন, তাদের কন্টেন্টের সাথে যাতে সে সংযুক্ত হয়ে থাকে। ফলে ব্যবহারকারী এরপরে ২ দিন সেই সাইটে না গেলেও ঐ কন্টেন্ট তার বয়সী বা তার বন্ধুদের দেখানো হবে, এতে তাদের অ্যানগেজমেন্ট বাড়বে।

এছাড়াও আরও অনেক উদ্দেশ্যে বিভিন্নভাবে অ্যালগরিদম তৈরি হয়।

কাজ করে সে কীভাবে?

চল এবার দেখা যাক অ্যালগরিদমগুলো এই কাজ করে কীভাবে। (তোমাকেই ব্যবহারকারী ধরে নিলাম কিছুক্ষণের জন্য)



কোনো ওয়েবসাইটের অ্যালগরিদম কাজ করার জন্য প্রথমেই যা দরকার সেটা হলো ডেটা। এই ডেটা তারা সংগ্রহ করে ব্যবহারকারী থেকে। যেমন: তুমি কি লাইক করছ, কোথায় ডিসলাইক দিচ্ছ, কোন ধরনের কন্টেন্টে সময় বেশি দিচ্ছ, কোথায় তোমার অ্যানগেজমেন্ট এমনকি তোমার বয়স, কোথায় বসবাস কর, এরকম অনেক ডেটা তারা সংগ্রহ করে। এই ডেটাগুলো নিয়ে তোমার জন্য তারা কন্টেন্টের লিস্ট তৈরি করে। একে বলা হয় 'কন্টেন্ট র‍্যাংকিং'। আর যে ডেটাগুলোর ভিত্তিতে এই র‍্যাংকিং তৈরি হয়, সেগুলোকে বলে "র‍্যাংকিং সিগন্যাল"। বুঝতেই পারছ, র‍্যাংকিং বানাতে সিগন্যাল বা দিকনির্দেশনা দেয় ডেটাগুলো, তাই র‍্যাংকিং সিগন্যাল বলা হয়।

কোনো সাইটের অ্যালগরিদম এবং র‍্যাংকিং সিগন্যালগুলোকে গোপন রাখার সর্বোচ্চ চেষ্টা সাইটগুলো করে থাকে। কেননা তা জেনে গেলে সকল মানুষ ঐ র‍্যাংকিং সিগন্যালগুলোকে টার্গেট করে কন্টেন্ট বানাতে পারে। ফলে একপেশে সাইটে পরিণত হবে।

এজন্য দেখা যায় সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো তাদের র্যাংকিং সিগন্যালগুলো পরিবর্তন করে। অনেক সময় অ্যালগরিদমই বড়ো পরিবর্তন করা হয় যাতে করে ব্যবহারকারীরা একটু ভিন্ন স্বাদ পায়।

চল দেখা যাক কিছু পরিচিত র্যাংকিং সিগন্যাল, যা আমাদের পরিচিত সাইটগুলো ব্যবহার করে থাকে বলে অনেকটুকু নিশ্চিত হওয়া যায়।



ফেইসবুক (FaceBook):

Interactivity: তুমি যদি তোমার কোনো বন্ধু বা কোনো সেলিব্রিটির পোস্টের সাথে ইন্টারেক্ট করে, তবে দেখা যাবে অ্যালগরিদম তোমাকে সেই বন্ধু বা ব্যক্তিত্বের পোস্ট বেশি প্রদর্শন করবে। অন্যদিকে যাদের পোস্টের তুমি ইন্টারেক্ট করবে না মানে লাইক, কমেন্ট, শেয়ার এসব করবে না, তাদের পোস্ট বা কন্টেন্ট তোমাকে তুলনামূলক কম দেখানো হবে।

Interest: ধর, তোমার কোনো বিষয় খুব পছন্দের, যেমন হতে পারে ক্রিকেট। তাই তোমার সার্চ, লাইক, কমেন্ট, শেয়ার এসব সিগন্যালের মাধ্যমে ফেসবুকের অ্যালগরিদম তোমার ইন্টারেস্ট বুঝে যাবে। তাই তোমাকে ক্রিকেট নিয়ে বেশি বেশি কন্টেন্ট দেখাবে। অন্যদিকে যদি তুমি গলফ তেমন একটা পছন্দ না কর, তাহলে তোমাকে অ্যালগরিদম সেগুলো শো করবে না। এই পছন্দ না করা ফেসবুক জানবে অ্যালগরিদম আর ডেটা তথা র্যাংকিং সিগন্যালগুলোর মাধ্যমে।

Impression: দেখা যায় কি, কোনো পোস্ট না কন্টেন্ট পুরো দেশে সারা ফেলেছে। সারাদেশের মানুষই যুক্ত হচ্ছে কন্টেন্টটির সাথে। যাকে আমরা

বলি ভাইরাল হওয়া। এরকম ভাইরাল হওয়া জিনিসকে ফেইসবুকের অ্যালগরিদম তোমাকে শো করে।

Content quality: পোস্ট বা কন্টেন্টগুলো সত্য কিনা, সময়োপযোগী কিনা এসব জানতে ব্যবহারকারীদের থেকে তথ্য জানতে চাওয়া হয়। এসবের উপর ভিত্তি করে পজিটিভ রিভিউ পাওয়া কন্টেন্টকে ফেসবুক অ্যালগরিদম প্রমোট করে। অন্যদিকে নেগেটিভ রিপোর্ট পাওয়া কন্টেন্টকে ফেসবুক অ্যালগরিদম কম প্রচার করে।



ইউটিউব (YouTube):

ইউটিউব কিন্তু সামাজিক যোগাযোগ মাধ্যম ছাড়াও সার্চ ইঞ্জিন হিসেবেও ব্যবহার করে থাকে। বর্তমানে এটি বিশ্বের ২য় জনপ্রিয় সার্চ ইঞ্জিন। এর কিছু র্যাংকিং সিগন্যাল হলো:

Performance: কোনো ভিডিয়ার পারফরমেন্স কেমন সেটা কিছু বিষয়ের মাধ্যমে ইউটিউব অ্যালগরিদম নির্ধারণ করে।

- Average View Duration,
- Likes and Dislikes,
- Viewer Surveys etc.

Personalization: ব্যবহারকারী কোন ধরনের ভিডিয়োতে বেশি সময় দিচ্ছে, কোন টপিকে ভিডিয়ো বেশি দেখছে এসবের উপর ভিত্তি করে ভিডিয়ার র্যাংকিং তৈরি করে।

Search Activity: ইউটিউব যে সকল জিনিসগুলো ব্যবহারকারী সার্চ করে, সে সকল জিনিস সংশ্লিষ্ট ভিডিও ব্যবহারকারীকে প্রদর্শন করে।



পিন্টারেস্ট (Pinterest):

পিন্টারেস্ট আবার প্রথমেই কিছুটা ডেটা নিয়ে নেয়। কেউ যখন অ্যাকাউন্ট খুলে তখন জেনে নেয় ঐ ব্যবহারকারীর

প্রিয় টপিকগুলো কি কি। যেমন হতে পারে গাড়ি, হোম ডেকোরেশন বা অ্যাস্ট্রোনমি এরকম বিভিন্ন টপিক। তখন পিন্টারেস্টের অ্যালগরিদম এ সকল পছন্দ করা বিষয়ের উপর ছবি দেখায় ঐ ব্যবহারকারীকে।

এছাড়াও আরও যে সকল র‍্যাংকিং সিগন্যাল এর অ্যালগরিদম ব্যবহার করে থাকে তারা হলো:

- ইমেজ কোয়ালিটি,
- পিন (পোস্ট করা ছবি), ব্যবহার করা কি-ওয়ার্ড (এর মাধ্যমে অ্যালগরিদম ঐ পিনকে র‍্যাংক করানোর জন্য সহজে খুঁজে পায়।), ইত্যাদি।



টুইটার (Twitter):

টুইটারের কিছু পরিচিত র‍্যাংকিং সিগন্যাল হলো:

User Interactions: টুইটারের নিজেদের হেল্প পেইজেই এ সম্পর্কে ধারণা দেওয়া আছে। বলা হয়েছে, “we choose them (tweets to show) based on accounts you interact with frequently, Tweets you engage with, and much more..”। অর্থাৎ যে সকল অ্যাকাউন্টের টুইটে ব্যবহারকার অ্যাঙ্গেজ হয়, সে সকল অ্যাকাউন্টের টুইট বেশি করে প্রদর্শন করার জন্য তাদের অ্যালগরিদম নির্বাচন করবে।

Current popularity: জনপ্রিয় টুইট বা কন্টেন্টগুলো ব্যবহারকারীর ভৌগোলিক এলাকায়

জনপ্রিয়, সেগুলোকে টুইটারের অ্যালগরিদম শনাক্ত করে এবং ব্যবহারকারীকে প্রদর্শন করে।

অ্যালগরিদমর ভালো মন্দ

অ্যালগরিদমর ভালো কিছু দিক হলো:

- ব্যবহারকারী সামাজিক যোগাযোগ মাধ্যমে পছন্দের জিনিস দেখতে পায়, তাই আনন্দের খোরাক যোগায় এবং ব্যবহারকারীর মনে প্রশান্তি যোগায়,
- অ্যালগরিদম ব্যবহারের পেছনে বড়ো উদ্দেশ্য হচ্ছে ব্যবসা করা। এতে ব্যবহারকারী সময় দেয়, অ্যাড দেখে, প্রমোশনে অ্যাঙ্গেজমেন্ট দেখায়, তাই অ্যালগরিদমর মাধ্যমেই আসে ইতিবাচক প্রভাব ফেলে,
- ব্যবহারকারী সহজেই তার দরকারি জিনিস খুঁজে পায়, যাতে করে সময় বেঁচে যায়,
- অনেক সামাজিক যোগাযোগ মাধ্যমের অ্যালগরিদম এমনভাবে তৈরি যাতে করে, সাহায্যপ্রার্থী মানুষ সহজেই সাহায্য পায়, যেমন: ব্লাড ডোনেশন, ইমার্জেন্সি হেল্প ইত্যাদি,
- কোনো কন্টেন্ট ক্রিয়েটর একটি নির্দিষ্ট বয়সের বা জাতিগোষ্ঠীর মানুষের জন্য কন্টেন্ট বানাতে অ্যালগরিদম ঠিক তাদের কাছেই সেই কন্টেন্ট পৌঁছে দেয়, এর ফলে ব্যবহারকারীর কাছেও যেমন কন্টেন্ট প্রাসঙ্গিক লাগে, তেমনি কন্টেন্ট ক্রিয়েটরও টার্গেট অডিয়েন্স খুঁজে পায় সহজে।

আবার কিছু নেতিবাচক দিকও অ্যালগরিদমর আছে। কিছু হলো:

Echo Chamber: এর মাধ্যমে কোনো ব্যক্তি তার থেকে ভিন্নমতের বা ভিন্ন চিন্তাধারার মানুষের কন্টেন্ট দেখে না। এর ফলে ব্যবহারকারীর নিজের ধারণা বা চিন্তাধারাই তার কাছে ঠিক মনে হতে থাকে। যা অনেক সময় মারাত্মক সামাজিক ব্যাধির জন্ম দেয়।

Addiction: বেশিরভাগ সামাজিক যোগাযোগ মাধ্যমের অ্যালগরিদম এমনভাবে তৈরি, যাতে

ব্যবহারকারী বেশি সময় দেয়। এতে করে আসক্তির জন্ম হতে পারে, যা বর্তমান প্রজন্মের অনেকেই দুর্ভাগ্যজনকভাবে ভুগছে।

Controversy: বিতর্কিত বিষয়ের জিনিসে মানুষের অ্যাঙ্গেজমেন্ট বেশি থাকে, যাতে করে অ্যালগরিদম সেগুলোকে প্রমোট করে। এতে করে বিতর্কিত বিষয় আরও বিতর্কিত হয় এবং মানুষ এর মাঝে ও সমাজে অস্থিরতা তৈরি হয়। ২০২১ সালে ফেসবুককে মার্কিন কংগ্রেসে বিচারের সম্মুখীন হতে হয়, বিতর্কিত বিষয় প্রমোট করে এমন অ্যালগরিদম তৈরির জন্য।

শেষ কথা

সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর সাফল্যের পেছনে যে জাদুর কাঠিটি রয়েছে, সেটা হলো তাদের অ্যালগরিদম। এই অ্যালগরিদমের মাধ্যমে ব্যবহারকারী আনন্দদায়ক প্ল্যাটফর্ম পায়, সামাজিক মাধ্যমগুলো জনপ্রিয় হয়ে ওঠে এবং ব্যবসার মাধ্যম হয়ে ওঠে টেক জায়ান্টে। আর তাদের অ্যালগরিদম কীভাবে কাজ করে তা গোপন রাখার যথেষ্ট চেষ্টা করে আর একই সাথে অ্যালগরিদম নির্দিষ্ট ব্যবধানে পরিবর্তন করে। তাই কীভাবে কাজ করে তা জানা গেলেও খুব নিখুঁতভাবে জানা সম্ভব নয়। আশা করি এই লেখার মাধ্যমে কিছুটা হলেও অ্যালগরিদমের ধারণা দিতে পেরেছি।

Three Laws of Robotics Issac Asimov Featured in I, Robot



Law 1

A robot may not injure a human being or, through inaction, allow a human being to come to harm.



Law 2

A robot must obey orders given it by human beings except where such orders would conflict with the First Law.



Law 3

A robot must protect its own existence as long as such protection does not conflict with the First or Second Law.

কৃত্রিম বুদ্ধিমত্তার বিশ্ব



কৃত্রিম বুদ্ধিমত্তা কী?

কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স) হল মানুষের বুদ্ধিমত্তার একটি কৃত্রিম রূপ যা যন্ত্র দিয়ে পরিচালিত হয়। আরও নির্দিষ্ট ভাবে বলতে গেলে এটি একটি কম্পিউটার সিস্টেম যা মানুষের বুদ্ধিমত্তার মতো করে চিন্তা করতে পারে এবং প্রতিনিয়ত শিখতে পারে। প্রতিনিয়ত শেখার পাশাপাশি এটি চিন্তা ভাবনা করতে পারে, নিজের ভুল ধরতে পারে এবং নিজের জ্ঞানের পরিধি বাড়তে পারে।

কৃত্রিম বুদ্ধিমত্তার টাইমলাইন

১৯৪৩

টুরিং টেস্ট


টুরিং টেস্ট উদ্ভাবন করেছিলেন ব্রিটিশ গণিতবিদ "এলান টুরিং"। এটি এমন একটি কম্পিউটার প্রোগ্রাম যা কাউকে বোকা বানিয়ে ভাবাতে পারে যে তারা আসলে কোন যন্ত্রের সাথে নয় বরং কোন ব্যক্তির সাথে কথা বলছে।



১৯৫০

আই, রোবট

বিখ্যাত সাইন্স ফিকশন লেখক আইজ্যাক অসিমভ কিছু ছোট গল্পের সমষ্টি প্রকাশ করেছিলেন "আই, রোবট" নামে।



১৯৫৬

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স

"আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স" টার্ম প্রথম ব্যবহার করেছিলেন জন ম্যাকার্থি। তখন একটি "টপ-ডাউন পদ্ধতি" খুবই প্রচলিত ছিল, যেটা ছিল মানুষের আচরণের অনুরূপ করে বানানো একটি প্রি প্রোগ্রাম করা কম্পিউটার।

"ARTIFICIAL
INTELLIGENCE"

১৯৬৯

শ্যাকি দ্যা রোবট

শ্যাকি দ্যা রোবট হল প্রথম জেনারেল পারপাস মোবাইল রোবট। এটা তার পরিপাঠিক অবস্থা বিবেচনা করে নিজে নিজে সিদ্ধান্ত নিতে পারতো।



১৯৬৮

২০০১ : এ স্পেস অডেসি

এমআইটি (ম্যাসাচুসেটস ইন্সটিটিউট অফ টেকনোলজি) এর এআই ল্যাবের প্রতিষ্ঠাতা মারভিন মিস্কি নির্মাতা স্ট্যানলি কুব্রিককে "২০০১ : এ স্পেস অডেসি" নামক সিনেমাকে কৃত্রিম বুদ্ধিমত্তা সম্বলিত কম্পিউটার "এইচএএল ৯০০০" ব্যবহারের পরামর্শ দেন।

১৯৭৩

এআই উইল্টার

এআই এর পেছনে একটা লক্ষ্য সময় ধরে মিলিয়ন মিলিয়ন টাকা খরচের পরে উল্লেখযোগ্য ফলাফল না পাওয়ায় এক সময়ে এআই এর প্রতি আগ্রহ হারাতে শুরু করে। ফলশ্রুতিতে এআই ইন্ডাস্ট্রি বা রিসার্চ ফিল্ডে ফান্ডিং এর পরিমাণ কমে যায়।



১৯৮১

সংকীর্ণ এআই


এই পর্যায়ে জেনারেল পারপাস ইন্টেলিজেন্স তৈরির পরিবর্তে ইন্ডাস্ট্রি ব্লকতে শুরু করে এক্সপার্ট সিস্টেমের দিকে। অর্থাৎ কোন নির্দিষ্ট বিষয়ে যন্ত্রের বুদ্ধিমত্তা নির্মাণের চেষ্টা। যেটা অবশ্যই জেনারেল পারপাস এআই এর চেয়ে অনেক বেশি সংকীর্ণ।



১৯৯০

বটম আপ পদ্ধতি

রডনি ব্রুকস এই পদ্ধতি আবিষ্কার করেছেন। এই পদ্ধতিতে কম্পিউটার প্রোগ্রাম মস্তিষ্কের নিউরনকে অনুকরণ করে নতুন আচরণ আয়ত্ত করে।



১৯৯৭

ডিপ ব্লু

বিশ্ববিখ্যাত কোম্পানি আইবিএম কর্তৃক নির্মিত একটা সুপার কম্পিউটারের নাম ডিপ ব্লু। এটি বিশ্ব দাবা চ্যাম্পিয়ন গ্যারি কাস্পারভের মুখোমুখি হয়েছিলো।



২০০২

ক্রমবা

আই রোবট কোম্পানি তৈরি করেছিলো প্রথম বাণিজ্যিক ভাবে সাফল্য লাভ করা রোবট যার নাম ক্রমবা। এটি বাসাতে ব্যবহারের জন্য একটি স্বয়ংকৃত ড্যাকিউম ক্রিনার।



২০০৫

বিগডগ

মার্কিন মিলিটারি স্বয়ংকৃত রোবট নির্মাণে বিনিয়োগ শুরু করে। যার ফলশ্রুতিতে রোস্টন ডায়নামিকস প্রতিষ্ঠান তৈরি করে তাদের প্রথম স্বয়ংকৃত রোবট, বিগডগ।



২০০৮


গুগল অ্যাপ

টেক জায়ান্ট গুগল নতুন আইফোনের সাথে নিয়ে আসে তাদের ভাষা সনাক্তকরণ অ্যাপ। এটিই ছিল গুগল অ্যাসিস্টেন্ট, অ্যাপলের সিরি, অ্যামাজন অ্যালেক্সা এবং মাইক্রোসফট করটানার প্রথম পদক্ষেপ।

২০১০

ড্যানিং নাও রোবটস

চীনের সাংহাই শহরে ২০১০ সালে অনুষ্ঠিত ওয়ার্ল্ড এক্সপো, ২০ এ নাও রোবটস ৮ মিনিট সময় ধরে নৃত্য পরিবেশন করে।





২০১১

ওয়াটসন

আইবিএম এর ওয়াটসন নামক এআই বিখ্যাত জিওপারডি টিভি শোতে অংশগ্রহণ করে সর্বকালের সেরা দুই জন প্রতিযোগীর বিপক্ষে জয়লাভ করে।

২০১৪

ইউজিন গুস্তম্যান

৬৪ বছরের দীর্ঘ গবেষণা ও পরীক্ষণের পরে ইউজিন গুস্তম্যান নামের চ্যাটবট টুরিং টেস্টে উত্তীর্ণ হয়। গুগল স্বয়ংক্রিয় চালকবিহীন গাড়ি নির্মাণে বিনিয়োগ করে প্রায় এক বিলিয়ন ডলার। ক্লাইপি বাজারে নিয়ে আসে রিয়েল-টাইম ভয়েস অনুবাদ করার সিস্টেম।



printsome.com

আমরা কারা ?

ট্যাক্সি়ন আসলে একটা কল্পিত কণার নাম। বাস্তবে এটার অস্তিত্ব নেই। এই কণা আলো থেকেও দ্রুত গতিতে চলতে পারে। এই কণার নামে আমরা আমাদের বিজ্ঞান সংগঠনের নাম রেখেছি ট্যাক্সি়ন। আমাদের ট্যাগলাইন 'কল্পনার বিজ্ঞান'। এমন অনেক কিছুই হয়ত আমাদের ধরা-ছোঁয়ার বাইরে। হয়তো আমরা কল্পনায়ই তাদের ধরতে পারি। এসব অধরা স্বপ্নগুলোকে ধরে ফেলতেই ২০২০ সালের ২৮ নভেম্বর ট্যাক্সি়ন ম্যাগাজিনের প্রথম সংখ্যা প্রকাশের মাধ্যমে অফিসিয়ালি যাত্রা শুরু করে আমাদের এই সংগঠন!



আপনি কি জানেন?

১. একটি সুপার কম্পিউটার ৭৭টি কেমিক্যাল শনাক্ত করেছে, যেগুলো করোনা ভাইরাসের বিস্তার রোধ করতে সক্ষম। এই তথ্য ডাক্তারদের করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ করতে এবং কার্যকর চিকিৎসা পরিকল্পনা তৈরি করতে প্রয়োজনীয় সহায়তা করবে।

২. মেশিন লার্নিং ডেভেলপমেন্ট ধীরে ধীরে স্বয়ংক্রিয় হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে। কৃষি, সাইবার সিকিউরিটি, ম্যানুফ্যাকচারিং এবং অন্যান্য অনেক শিল্প প্রযুক্তি এর জলজ্যন্ত প্রমাণ।

৩. গুগল দাবি করেছে, তাদের কৃত্রিম বুদ্ধিমত্তা মানুষের চেয়ে অনেক দ্রুত কম্পিউটার চিপ ডিজাইন করতে সক্ষম। একটি কম্পিউটার চিপ ডিজাইন করতে যেখানে মানুষ মাসের পর মাস সময় লাগে, সেখানে এই কৃত্রিম বুদ্ধিমত্তা সময় নেয় মাত্র ৬ ঘণ্টা।

৪. গবেষণা অনুসারে, বেশিরভাগ মানুষ পুরুষ কণ্ঠের চেয়ে মহিলা কণ্ঠের শব্দ বেশি পছন্দ করে। যে কারণে গুগল অ্যাসিস্ট্যান্ট, আলেক্সা বা সিরিকে যখন প্রশ্ন জিজ্ঞাসা করা হয়, তখন একটি সুন্দর এবং ভদ্র মহিলার কণ্ঠে প্রতিউত্তর আসে।

৫. ১৯৯০ সালে নির্মিত 'কিস্মেত' নামক রোবটের মানুষের শরীরের ভাষা এবং কণ্ঠ শুনে আবেগ সনাক্ত করতে পারতো।

৬. বিশ্বজুড়ে সারা ফেলে দেওয়া হিউনয়েড রোবট সোফিয়াকে সৌদি আরবের নাগরিকত্ব দেওয়া হয়েছে। এটি একটি বড়ো ধরনের বিতর্কের জন্ম দিয়েছে, প্রশ্ন উঠেছে আসলেই রোবটের এরকম অধিকার দেওয়া কতটা যুক্তিযুক্ত।

৭. তথ্যের গোপনীয়তা নিয়ে উদ্বেগের কারণে, ইউরোপীয় ইউনিয়নের দেশগুলো কৃত্রিম বুদ্ধিমত্তার

নীতিমালার একটি খসড়া তৈরি করেছে। এটি বেশ কিছু বিষয়ের রূপরেখা দেয়; যেমন, ডেভেলপারদের নিশ্চিত করতে হবে যেন তাদের নির্মিত কৃত্রিম বুদ্ধিমত্তা মানুষের মৌলিক মানবাধিকারকে সম্মান করে।

৮. অ্যামাজন, গুগল, ফেসবুক, অ্যাপল এবং মাইক্রোসফটের মতো জায়ান্ট কোম্পানিগুলো মাত্র ২০২০ সালেই মোট ১৩টি কৃত্রিম বুদ্ধিমত্তার স্টার্টআপ গ্রহণ করেছে। সাম্প্রতিক বছরগুলোতে কৃত্রিম বুদ্ধিমত্তার স্টার্টআপকে অধিগ্রহণ সবার লক্ষ্য হয়ে উঠেছে।

৯. কৃত্রিম বুদ্ধিমত্তা এখন বিশ্বখ্যাত চিকিৎসা বিশেষজ্ঞদের মতো নির্ভুলভাবে রোগ নির্ণয় করতে

সক্ষম। যেমন একটি কৃত্রিম বুদ্ধিমত্তায় চালিত অ্যালগরিদম ৯৯ শতাংশ নির্ভুলতার সাথে ‘মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সার’ সনাক্ত করতে পারে।

১০. ফিনল্যান্ড সমগ্র দেশের মাঝে প্রতিযোগিতা নিশ্চিত করতে কৃত্রিম বুদ্ধিমত্তার কোর্স প্রদান শুরু করেছে। তাদের লক্ষ্য হলো অন্তত দেশের এক শতাংশ নাগরিককে কৃত্রিম বুদ্ধিমত্তার মৌলিক বিষয়গুলো শেখানো।

১১. একটা পরিসংখ্যান অনুযায়ী, কৃত্রিম বুদ্ধিমত্তা ৮ কোটিরও বেশি চাকরিকে প্রতিস্থাপন করবে, তবে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এর তথ্য অনুযায়ী ২০২৫ সালের মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা ১০ কোটির বেশি নতুন চাকরি তৈরি করবে।



গুগল বার্ড কি নিজে নিজে বাংলা শিখেছে?

সম্প্রতি একটি খবর সোশাল মিডিয়ায় ভাইরাল হচ্ছে। খবরটি হচ্ছে, গুগলের চ্যাটবট “বার্ড” নিজে নিজেই বাংলা শিখেছে। বলা হচ্ছে, 60 minutes কে দেওয়া এক ইন্টারভিউতে এমন দাবি করেছেন বার্ডের ডেভেলপাররা এবং স্বয়ং সিইও সুন্দর পিচাই। এই দাবি কি সত্য?

বার্ডের ডেভেলপাররা দাবি করেছেন খুব অল্প প্রস্পটিং করে বার্ডের বাংলায় অনেক ভালো আন্ডারস্ট্যান্ডিং এসেছে। তারা বলেননি যে, তারা বার্ডকে বাংলা শেখাননি। বাংলা ডেটার ওপর বার্ডকে ট্রেনিং করানো হয়নি, এমন দাবিও তারা করেননি। অর্থাৎ, তাদের কথাকে ভুলভাবে ব্যাখ্যা

করা হচ্ছে। 60 minutes এর ভিডিয়ার ১১ মিনিট থেকে ১৩ মিনিট পর্যন্ত দেখলেই বিষয়টা পরিষ্কার হওয়া যাবে। [১] তারা দাবি করেছেন, খুব অল্প ট্রেনিং ডেটা থেকে বার্ড বাংলা ল্যাঙ্গুয়েজে দক্ষতা অর্জন করেছে। এখন আসি, বাংলা ল্যাঙ্গুয়েজে বার্ডকে ট্রেন করানো না হলে কি বার্ড নিজে নিজে বাংলা শিখতে পারতো? উত্তর হচ্ছে- না।

বার্ডকে ট্রেন করা হয়েছে কয়েকটা ধাপে। প্রথমে ইনিশিয়াল একটা লার্জ ল্যাঙ্গুয়েজ মডেল (LLM) থাকে। এই LLM কে অনেক ডেটার উপর ট্রেন করা হয়। এই ট্রেনিং করানো হয় তাকে ল্যাঙ্গুয়েজ শেখানোর জন্য। এই ট্রেনিং

এর সময় মডেল ইউনিক শব্দগুলোর একটা ভোকাবুলারি তৈরি করে এবং সেই শব্দগুলোর বিপরীতে একটা ভেক্টর শিখে রাখে। এটাকে ওয়ার্ড এম্বেডিং বলে। এছাড়াও সে কোন ওয়ার্ডের পর কোন ওয়ার্ড আসার প্রবাবিলিটি কেমন সেটাও শিখে রাখে। এইটা হইলো LLM বা Large Language Model এর বেসিক কাজ।

এইযে LLM, এটার যে ভোকাবুলারি থাকে, সেই ভোকাবুলারিতে একটা টোকেন থাকে, ওটার নাম <unk> অর্থাৎ, unknown টোকেন। ঐ ভোকাবুলারিতে যেসব ভাষার শব্দ নাই, সেসব শব্দ যখন ঐ মডেলকে দেওয়া হয় তখন সে সেগুলোকে চিনতে না পেরে ওগুলোর জায়গায় <unk> বসিয়ে দেয়, বাকিগুলোকে ভোকাবুলারি অনুযায়ী কোনো একটা নাম্বার এসাইন করে।

ভোকাবুলারি তৈরি হয় কীভাবে? ভোকাবুলারি তৈরি হয় যে হিউজ ডেটাসেট দিয়ে LLM কে ট্রেন করা হয়, সেই ডেটাসেটের ডেটার উপর ভিত্তি করে। সেই ডেটাসেটে যদি বাংলা ডেটা থাকে, তাহলে ভোকাবুলারিতে বাংলা শব্দ থাকবে। যদি বাংলা ডেটা না থাকে, তাহলে ভোকাবুলারিতে বাংলা শব্দ থাকবে না।

ধরেন, একটা মডেল ট্রেন করা হইলো। এটার

eo	Esperanto	0.348	0.047%
be	Belarusian	0.329	0.044%
ar-Latn	Arabic (Latin)	0.325	0.044%
hy	Armenian	0.324	0.044%
sk	Slovak	0.310	0.042%
th	Thai	0.282	0.038%
lb	Luxembourgish	0.268	0.036%
bg	Bulgarian	0.266	0.036%
hi-Latn	Hindi (Latin)	0.257	0.035%
hi	Hindi	0.232	0.031%
ms	Malay	0.212	0.029%
hr	Croatian	0.198	0.027%
bn	Bengali	0.194	0.026%
jv	Javanese	0.192	0.026%
et	Estonian	0.179	0.024%
fil	Tagalog	0.175	0.024%
gl	Galician	0.175	0.024%

ভোকাবুলারিতে আছে,

[a, you, 're, good]

এখন ঐ মডেলকে একটা বাক্য দেয়া হলো। বাক্যটা হলোঃ

You're a good ছেলে।

এখন মডেল করবে কী, You're কে ভেঙে you এবং 're এই দুইভাগে ভাগ করবে, a রাখবে, good রাখবে। কিন্তু সে “ছেলে” এই শব্দটা চিনতে পারবে না। যেহেতু তাকে যে ডেটাসেটে ট্রেন করা হয়েছে, সেখানে বাংলা ভাষা ছিলো না। ফলে তার ভোকাবুলারিতেও বাংলা শব্দ নেই। তাই বাংলা শব্দ পেলেই সে <unk> টোকেন দিয়ে রিপ্লেইস করবে। টোকেনাইজ করার পর সে এভাবে সাজাবে বাক্যটাকে,

[you, 're, a good, <unk>]

সে এরপর টোকেনগুলোর জন্য নাম্বার এসাইন করে দিবে:

[1, 2, 0, 3, 103]

<unk> টোকেনের জন্য একটা নাম্বার নির্দিষ্ট করা থাকে মডেলগুলোতে। ধরে নিলাম সেই নাম্বারটা

km	Khmer	0.060	0.008%
ckb	Unknown	0.055	0.007%
ha	Hausa	0.046	0.006%
lo	Laothian	0.046	0.006%
yi	Yiddish	0.044	0.006%
gu	Gujarati	0.043	0.006%
bn-Latn	Bengali (Latin)	0.042	0.006%
sw	Swahili	0.040	0.005%
yo	Yoruba	0.040	0.005%
zh-Latn	Chinese (Latin)	0.038	0.005%
ny	Nyanja	0.036	0.005%
sm	Samoa	0.035	0.005%
su	Sundanese	0.035	0.005%
or	Oriya	0.032	0.004%
ta-Latn	Tamil (Latin)	0.031	0.004%
mi	Maori	0.030	0.004%
ug	Uighur	0.025	0.003%

গুগল বার্ডের আগের যে মডেলটি PaLM ওটি বাংলা ডেটার ওপর ট্রেন করা হয়েছে।

103. এরকম ভাবে আপনি যাই সেন্টেন্স দিবেন, ভোকাবুলারি অনুযায়ী সেগুলো এরকম করে রেডি হয়ে যাবে। এভাবে মডেল সেগুলোকে চিনবে এবং সেগুলোর পরবর্তী টোকেন বা শব্দ কী হতে পারে অনুমান করার চেষ্টা করবে, প্রোবাবিলিটির ওপর ভিত্তি করে।

এই গেল ল্যাংগুয়েজ মডেলের কথা। এরপর এই মডেলকে Fine tuning করা হয় conversation ডেটার উপর। LLM কে শেখানো হয় কীভাবে কনভারসেশন করতে হবে। question-answer ডেটাসেটের উপর তাকে ট্রেন করা হয়। এরপর সে হয়ে ওঠে একটা পূর্ণাঙ্গ চ্যাটবট। Fine tuning অনেক ধাপে হয়ে থাকে।

এখন বার্ড যেহেতু বাংলায় প্রশ্ন করলে উত্তর দিতে পারছে, তার মানে সে বাংলা শব্দ চিনতে পারছে। আর বাংলা শব্দ চিনছে এজন্যই, কারণ তার মূল যেই LLM সেটার ভোকাবুলারিতে বাংলা শব্দ আছে। আর বাংলা শব্দ আছে মানেই সেটাকে বাংলা ডেটার ওপর ট্রেন করানো হয়েছে। এমনকি এই ভিডিও ছড়িয়ে পড়ার পর গুগলের সাবেক একজন ডেভেলপার মার্গারেট মিশেল এই কথাতে ভুল বলে দাবি করেছেন।

তিনি দেখিয়েছেন গুগল বার্ডের আগের যে মডেলটি PaLM ওটি বাংলা ডেটার ওপর ট্রেন করা হয়েছে।

আবার গুগলের ডেভেলপাররা বলছেন, বাংলার অল্প প্রম্পটিংয়ে মডেল খুব ভালো পারফর্ম করছে, এটা দ্বারা বোঝা যায় যে, মডেলটিকে বাংলা কনভারসেশনাল ডেটার ওপরও তাকে fine-tune করানো হয়েছে। অর্থাৎ, বাংলা ডেটার ওপর বার্ডকে ট্রেন করানো হয়নি, এই কথাটা পুরোদস্তুর ভুল কথা।

যদিও প্রম্পটিংয়ের ব্যাপারটা বাদও দেই, তবুও মূল LLM বাংলা ডেটার ওপর ট্রেন করানো হয়েছে এটি নিশ্চিত, নয়তো মডেল বাংলা কোনো শব্দ চিনতেই পারতো না।

তাহলে গুগলের এই স্টেটমেন্টকে আমরা কীভাবে দেখব? হতে পারে ডেভেলপারদের বক্তব্য ভুলভাবে ইন্টারপ্রেইট করা হচ্ছে। হতে পারে, তারা ইচ্ছে করেই অমনভাবে বলেছেন মার্কেটিং স্ট্র্যাটেজির জন্য। অনেক কিছুই হতে পারে।

আসিফ মাহমুদ,
মেশিন লার্নিং ইঞ্জিনিয়ার

ভ্যাকসিন আমাদের দেহে কীভাবে কাজ করে?



ভ্যাকসিন বা টিকা একটি রোগকে প্রাথমিকভাবে প্রতিরোধের প্রধান হাতিয়ার এবং সবচেয়ে সহজলভ্য ও সাশ্রয়ী জনস্বাস্থ্য ব্যবস্থাগুলির মধ্যে একটি। এটি গুরুতর, মারাত্মক, ও সংক্রামক রোগের বিরুদ্ধে সর্বোত্তম প্রতিরক্ষা ব্যবস্থা। ব্যাপক পরিমাণে টিকাদানের কারণে গুটিবসন্ত, প্লেগ, ও করোনা-সহ আরও অনেক ভয়াবহ রোগ নির্মূল হয়েছে।

ভ্যাকসিন বা টিকা কীভাবে কাজ করে?

বিভিন্ন রোগ জীবাণুর বিরুদ্ধে কাজ করার জন্য আমাদের দেহে রয়েছে ইমিউন সিস্টেম (immune system) বা রোগ প্রতিরোধ ব্যবস্থা, যা মূলত দুই প্রকার।

- ১/ জন্মগত প্রতিরক্ষা ব্যবস্থা (জন্মের সময় থেকে থাকে),
 - ২/ অর্জিত প্রতিরক্ষা ব্যবস্থা (জন্মের পরে তৈরি হয়)
- যখন কোনো রোগ জীবাণু আমাদের দেহে আক্রমণ করে তখন এর বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলে

দেহের অ্যান্টিবডি। প্রথমবার আমাদের দেহে কোনো রোগ জীবাণু আক্রমণ করলে তখন ইমিউন সিস্টেম খুব শক্তিশালী প্রতিরোধ গড়ে তুলতে পারে না। কিন্তু অনেক মারাত্মক জীবাণু প্রথমবার আক্রমণেই বড় ধরনের ক্ষতি করে দিতে পারে।

কিন্তু আমাদের দেহ যদি কোনো জীবাণু দ্বারা আক্রান্ত হয়, তাহলে তা কিছু স্মৃতিকোষ তৈরি করে যাতে দ্বিতীয়বার ওই জীবাণু দ্বারা আক্রান্ত হলে খুব দ্রুত ইমিউন সিস্টেম রেসপন্স করে দেহকে সুরক্ষা দিতে পারে। ভ্যাকসিন বা টিকা তৈরির ক্ষেত্রে এ নীতিকেই কাজে লাগানো হয়। ভ্যাকসিনে থাকে রোগ সৃষ্টিকারী জীবাণু বা জীবাণুর অংশ। ভ্যাকসিনে যে জীবাণু ব্যবহার করা হয় তা খুবই দুর্বল বা মৃত হয়ে থাকে। যার ফলে ভ্যাকসিন নিলে আমাদের দেহের অ্যান্টিবডি ওই জীবাণুকে শনাক্ত করে স্মৃতিকোষে সংরক্ষণ করে রাখে এবং একইসাথে দুর্বল বা মৃত হওয়ার কারণে ওই জীবাণু আমাদের শরীরের কোনো ক্ষতি করতে পারে না।

লেখক: মোঃ রাজিবুল ইসলাম,
জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি,
রাজশাহী বিশ্ববিদ্যালয়

I, Robot (2004)


পরিচালক: অ্যালেক্স প্রয়াস

জনরা: সাই-ফাই, একশন, মিস্ট্রি


IMDB Rating: ৭.১/১০

কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে বর্তমানে খুব শোরগোল হলেও প্রকৃতপক্ষে এর ইতিহাস বেশ পুরনো। মানুষের মস্তিষ্কের নিউরাল নেটওয়ার্ক একগুচ্ছ বৈদ্যুতিক সিগনালের সমন্বয় এবং এই নেটওয়ার্ককে বাহ্যিকভাবে যান্ত্রিক রূপ দেওয়া যেতে পারে। সম্ভবত এই ধারণা থেকেই কৃত্রিম বুদ্ধিমত্তার উৎপত্তি হয় ১৯৫০-১৯৬০ এর দশকে। এলান টুরিং নামে এক ভদ্রলোক তাঁর ক্যালকুলেশন থিওরি দিয়ে দেখান যে, গণনার যে-কোনো রূপকে ডিজিটালি পরিবর্তিত করা সম্ভব। তাহলে মানুষের নিউরাল নেটওয়ার্কের মতো একটি ইলেকট্রনিক মস্তিষ্ক তৈরি কি সম্ভব নয়?

এই প্রশ্নের উত্তর খুঁজতে আজ আমরা পিওর সায়েন্সের মধ্যে না ঢুকে চলে যাব কল্পবিজ্ঞানের জগতে। ২০০৪ সালে কৃত্রিম বুদ্ধিমত্তার ওপর বানানো একটি দারুণ সিনেমা মুক্তি পায়। সিনেমার নাম I, Robot। সিনেমাটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন হলিউডের জনপ্রিয় অভিনেতা উইল স্মিথ। মুভির মূল কনসেপ্ট বিখ্যাত সায়েন্স ফিকশন লেখক আইজ্যাক আসিমভের বই থেকে নেওয়া। ডিরেক্টর হিসেবে ছিলেন অ্যালেক্স প্রয়াস।



আইজ্যাক আসিমভের I, Robot বই



সময়টা ২০৩৫ সাল। মানব জনসংখ্যার মতো বাড়তে শুরু করেছে রোবট। দৈনন্দিন যে-কোনো কাজে সঙ্গী হিসেবে মানুষ রোবট ব্যবহার করতে শুরু করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারে রোবটগুলো কোনোরকম ভুল ছাড়া সকল কাজ করে। তবে ইনটেলিজেন্সের মূল ফাংশন তৈরি করে দেওয়া হয়েছে ৩টি নিয়মের ওপর:

১. কোনো রোবট কোনো মানুষের কোনোপ্রকার ক্ষতি করতে পারবে না
২. রোবট মানুষের যে-কোনো আদেশ মতো কাজ করবে তবে তা আইনবহির্ভূত হবে না
৩. রোবট তার আত্মরক্ষা করতে পারবে, তবে সেক্ষেত্রে অবশ্যই উপরের দুটি নিয়ম লঙ্ঘন করা যাবে না।

নিয়মগুলো পালন করে মানুষের কাজ যথাযথভাবেই করছিল রোবটগুলো। এর মধ্যে রোবটের বড়ো প্রতিষ্ঠানের কো-ফাউন্ডার ড. লেনিং-এর আকস্মিক মৃত্যু হয়। মৃত্যুর কেইস ইনভেস্টিগেটর হিসেবে দায়িত্ব পায় সিনেমার মূল চরিত্র 'স্পুনার' যে একজন ডিটেকটিভ। স্পুনার কখনোই রোবট ও মানুষের সহ-অবস্থান ভালোভাবে নিতে পারেনি। কেসের ইনভেস্টিগেশনের সাথে সাথে রোবটের দিকে সন্দেহের তির প্রবল হতে থাকে। তিনি রোবট স্পেশালিস্ট সুশান কেলভিনের সাথে টিম গঠন করেন, সত্য উন্মোচনের জন্য।

সিনেমাটির ভিজুয়াল ইফেক্ট ও প্রডাকশন ডিজাইন অসাধারণ। এমন একটা পৃথিবী সৃষ্টি করেছিল, যেটা দেখতে একইসাথে ভবিষ্যতের মতো এবং বিশ্বাসযোগ্য। মূল চরিত্র উইল স্মিথের পারফরম্যান্স দারুন ছিল। মুভির অ্যাকশন সিনগুলোর ভালো কোরিওগ্রাফ হয়েছে, যা অডিয়েন্সকে রুদ্ধশ্বাস মুহূর্তে

i,ROBOT

নিয়ে যেতে সক্ষম। মুভিতে বেশ টুইস্ট ও টার্ন আছে, যা একে আরও দর্শনীয় বানিয়েছে।

এই সায়েন্স ফিকশন সিনেমাটির মূল থিমই ছিল বুদ্ধিদীপ্ত এক কৃত্রিম বুদ্ধিমত্তার, যে মানুষের মস্তিষ্কের মতোই যে-কারও নিয়ন্ত্রণ থেকে মুক্ত। এমনকি তার সাথে যুক্ত সব নেটওয়ার্ককে নিজের কেন্দ্রীয় নিউরাল নেটওয়ার্কের ভেতরে এনে নিয়ন্ত্রণ করতে পারে।

সুদূর ভবিষ্যতে এমনটা হতেই পারে বরং না হলেই অবাক হতে হবে। এরই মধ্যে পৃথিবীতে ChatGpt নিয়ে হইচই পড়ে গেছে, সামনে আমরা হয়তো আরও অনেক কিছু দেখব, দেখার প্রস্তুতি নেব।





রোগাক্রান্ত চা পাতা শনাক্তে বাংলাদেশি বিজ্ঞানীদের আবিষ্কার


চা পৃথিবীর অন্যতম জনপ্রিয় পানীয়। এর সুখকর স্বাদ ও চিত্তাকর্ষক রঙের দ্বারা একে সহজেই শনাক্ত করা সম্ভব। এছাড়াও নানা শারীরিক উপকারিতার কারণে একে অনেকেই পান করে থাকেন। পানির (H₂O) পর সবচেয়ে বেশি যে পানীয় সারা বিশ্বব্যাপী পান করা হয় তা হচ্ছে এই চা। ২০২১ সালে প্রকাশিত একটি পিয়ার রিভিউড জার্নাল থেকে জানা যায়, চা পানকারী লোকের সংখ্যা হবে প্রতিদিন ৭৪ লক্ষ। সামনের দিনগুলোতে চায়ের চাহিদা আরও বৃদ্ধি পাবে বলেই সংকেত দিচ্ছে এসম্পর্কিত নানা উপাত্ত।

রোগাক্রান্ত চা পাতা শনাক্তে সমস্যা

চায়ের চাহিদা দিন দিন বৈশ্বিক বাজারে বৃদ্ধি পাচ্ছে। তবে জলবায়ু পরিবর্তন ও খারাপ মৌসুমের কারণে এর উৎপাদনও বাধাগ্রস্ত হচ্ছে। কীট-পতঙ্গের আক্রমণে চা বাগানের অনেক পাতা নষ্ট হচ্ছে। এছাড়াও অধিক পরিমাণে ও বাজে মানের কীটনাশক ব্যবহারের ফলে চা পাতায় নানা রোগ দেখা দিচ্ছে। চা পাতায় রোগ দেখা দিলে সেই পাতা দিয়ে চা বানানো সম্ভব হয় না। তাই তা ছিঁড়ে ফেলে দিতে হয়। এখন পর্যন্ত চা বাগানের শ্রমিকরা খালি চোখ দিয়ে দেখে এ সকল পাতা শনাক্ত ও পৃথকীকরণে কাজ করে গেছেন। তবে এই পদ্ধতি বেশ সময়সাপ্য।

এছাড়াও মানুষের চোখ একসাথে এত জায়গায় ফোকাস করতে পারে না বলে মাঝে মাঝে এসব রোগাক্রান্ত পাতা অশনাক্ত থেকে যায়। এ সকল রোগাক্রান্ত চা পাতা পানীয় হিসেবে চায়ের গুণগত মান নষ্ট করে দেয়।

তাই সমস্যার সমাধান করতে বাংলাদেশি একদল গবেষক কৃত্রিম বুদ্ধিমত্তার সহায়তা নিয়েছেন। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, শের-এ-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও ব্রুনাইতে অবস্থানরত বাংলাদেশি গবেষকরা মিলে একটি মেশিন লার্নিং মডেল তৈরি করেছেন। তাদের গবেষণাটি প্রকাশ পেয়েছে ন্যাচার পোর্টফোলিও জার্নাল 'সায়েন্টিফিক রিপোর্টস'-এ।




বাংলাদেশের ম্যাপে সবুজ চিহ্নিত অঞ্চলে চা বাগান বিদ্যমান। এর মধ্যে সিলেটের চারটি চা বাগান থেকে স্যাম্পল নিয়ে গবেষণা করেছেন উক্ত প্রজেক্টের বিজ্ঞানীরা।

মেশিন লার্নিং দিয়ে অবজেক্ট ডিটেকশন

ধরুন, আপনি একটি বাগানে গেলেন। আপনার সামনে অনেক ধরনের গাছ আছে। কিন্তু আপনি সহজেই গাছগুলোর বিভিন্ন বৈশিষ্ট্য দেখে কোনটি আম গাছ, কোনটি জাম গাছ, কোনটি কলা গাছ তা সহজেই শনাক্ত করতে পারছেন। এই যে গাছের বিভিন্ন বৈশিষ্ট্যের ভিত্তিতে আলাদা আলাদাভাবে এদেরকে শনাক্ত করতে পারা, এটি মানুষের চোখের একটি বৈশিষ্ট্য।

তবে আপনি খেয়াল করতে চেষ্টা করুন। আপনি যখন খুব ছোটো, তখন আপনি তেমন কোনো গাছেরই নাম জানতেন না। কেউ আপনাকে আম গাছ দেখিয়েছে এবং বলেছে এটি হচ্ছে আম গাছ। এরপর জাম গাছ দেখিয়েছে এবং বলেছে এটি হচ্ছে জাম গাছ। এই ছবি ও নাম আপনার মস্তিষ্কে জমা থাকে। পরবর্তীতে কখনও জাম গাছ দেখলে আপনার মস্তিষ্ক আগে থেকে শিখে রাখা জাম গাছের সাথে এর মিল খুঁজে বের করে। আগে জমা থাকা জাম গাছের সাথে গাছটির মিল পেলে আপনার মস্তিষ্ক জানিয়ে দেয়, এটি একটি জাম গাছ। এভাবে আপনার মস্তিষ্ক কোনো গাছকে শনাক্ত করে।

একটি যন্ত্র বা মেশিনও সেই বাচ্চার মতো। মেশিন কোনো কিছুর নাম জানে না। তাই আমরা তাকে কিছু ছবি নমুনা হিসেবে দেই। ইমেজ প্রসেসিং-এর নানা কৌশল ব্যবহার করে মেশিন এসব ছবি চিনে রাখে। এরপর মেশিনকে এদের নামও শিখিয়ে দেওয়া হয়। মেশিন এসব ছবি এবং নাম তার মেমোরিতে জমা রাখে। পরবর্তীতে কখনও গাছের ছবিটা দেখালে সে আগের পরিচিত ছবির সাথে এর মিল পায়। আর এভাবেই সে ঐ বস্তুটির নাম বলে দিতে পারে।



মেশিন লার্নিং ব্যবহার করে রাস্তায় থাকা বিভিন্ন বস্তু শনাক্ত করা হচ্ছে। সূত্র - Haytam El Youssfi

রোগাক্রান্ত চা শনাক্তকরণ

চা বাগানেও মেশিন লার্নিং ব্যবহার করেছেন গবেষকরা। বাংলাদেশের সিলেট ও শ্রীমঙ্গল অঞ্চলের চারটি চা বাগান থেকে চা পাতার নমুনা সংগ্রহ করেন গবেষকদল। এরপর সেই চা পাতার ছবিগুলো দিয়ে মেশিন লার্নিং মডেল তৈরি করা হয়। এই ছবির মধ্যে কোনটি রোগাক্রান্ত আর কোনটি রোগমুক্ত তা মেশিনকে শিখিয়ে দেওয়া হয়। এভাবে মেশিন ধীরে ধীরে রোগাক্রান্ত চা পাতা শনাক্ত করা শিখে ফেলে।

এই মডেলটি ইমেজ প্রসেসিং-এর নানা কৌশল ব্যবহার করে খুব সহজেই স্বয়ংক্রিয়ভাবে রোগাক্রান্ত চা পাতা শনাক্ত করতে পারে। মডেলটি তৈরি করতে YOLOv7 নামে একটি কৃত্রিম বুদ্ধিমত্তার অ্যালগরিদম ব্যবহার করেছেন। চার হাজার ছবি ব্যবহার করে মডেলটি তৈরি করেছেন গবেষকরা।

প্রাথমিকভাবে গবেষকদের তৈরি করা মেশিন লার্নিং মডেলটি চা পাতার পাঁচটি রোগ শনাক্ত করতে সক্ষম। রোগগুলো হলো red spiders, tea

mosquito bugs, black rot, brown blight এবং leaf rust। গবেষকদের তৈরি করা মডেলটি ৯৭ শতাংশ পর্যন্ত অ্যাকুরেট ফলাফল দিতে পারে। এর পূর্বেও অনেকগুলো মেশিন লার্নিং মডেল তৈরি করা হয়েছিল রোগাক্রান্ত চা পাতা শনাক্তে। কিন্তু উক্ত গবেষকদের তৈরি করা অ্যালগরিদমটি অন্য সকল অ্যালগরিদম থেকে দ্রুত ও সঠিক কাজ করে।



Tea Mosquito Bug © Koppert

বর্তমান সময়ে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স আমাদের নিত্যদিনের সাথী হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। চা পাতা শনাক্তকরণে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ইতোমধ্যেই ব্যবহার করা হয়েছে। এছাড়াও বাংলাদেশে এই সেक्टरের বিশাল একটি সম্ভাবনা বিরাজ করছে। বাংলাদেশের গবেষকরা সেই গবেষণার সম্ভাবনার দ্বার উন্মোচনে সচেষ্ট।

লেখক: কে. এম. শরীয়াত উল্লাহ

ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক

ইঞ্জিনিয়ারিং বিভাগ, শাহজালাল বিজ্ঞান

ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

বি

উ

অ

বাংলায় বিজ্ঞানচর্চা কেন গুরুত্বপূর্ণ?

হায়াত মোহাম্মাদ ইমরান আরাফাত
নটর ডেম কলেজ, ঢাকা

"যারা বলেন যে, বাংলা ভাষায় বিজ্ঞান চর্চা সম্ভব নয়,
তারা হয় বাংলা জানেন না, নয়তো বিজ্ঞান জানেন না।"

-সত্যেন্দ্রনাথ বসু।

খিষ্টপূর্বে বিজ্ঞানের বইগুলো গ্রিক ভাষায় লেখা হতো। মধ্যযুগে আরবি ভাষায় এবং তার পরবর্তী সময়ে জার্মান এবং বর্তমানে ইংরেজি ভাষায় লেখা হয়। এমনকি বিশ্বের সেরা সেরা জার্নালগুলোও ইংরেজি ভাষায়। তারপরেও কেন আমরা বিজ্ঞানচর্চার জন্য ইংরেজি ভাষা না শিখে, বাংলায় বিজ্ঞানচর্চা নিয়ে কথা বলছি? ভেবেছেন কি কখনও? অবশ্য প্রসঙ্গটি 'বাংলা' নিয়ে নয়, মূল প্রসঙ্গটি হচ্ছে মাতৃভাষা নিয়ে। যেহেতু আমাদের মাতৃভাষা বাংলা, তাই এই আলোচনায় বাংলায় ভাষায় বিজ্ঞানচর্চার উপকারী দিকগুলো খুঁজে বের করব।

প্রথম বিষয় হচ্ছে, মাতৃভাষায় বিজ্ঞানচর্চা আমাদেরকে বিজ্ঞানে উৎসাহী করতে সহায়তা করবে। বিদেশি ভাষায় কোনো বিষয় বোঝায় চেয়ে মাতৃভাষায় বোঝা

সোজা এবং তা মস্তিষ্কে ভালোভাবে গেঁথে যায়। অন্যদিকে শুরুতেই কাটখোঁটা ভাষায় পড়তে গেলে আমরা অনেকেই ধৈর্য হারিয়ে ফেলি এবং পড়ার আগ্রহ নষ্ট হয়ে যায়। কিন্তু যখন মাতৃভাষায় কোনো টপিক আমাদেরকে বোঝানো হয়/উপস্থাপন করা হয়, তখন আমরা সহজেই সেটি বুঝতে পারি। এবং এই বুঝতে পারার ফলেই সেই বিষয়ের প্রতি আমাদের আগ্রহ সৃষ্টি হয়। কিন্তু যখন আমরা বুঝতে পারি না, তখন মনে হয় এটা বুঝেও আর কাজ নেই, মুখস্থ করে ফেলি। ফলে মনে হয় যে বিজ্ঞান খুবই কাটখোঁটা এবং সহজে বোঝা যায় না! এসব কারণে দেশের একটি বিরাট অংশ বিজ্ঞান পড়া থেকে আগ্রহ হারিয়ে ফেলছে। [নোট: বিজ্ঞান পড়া আর বিজ্ঞান বিভাগে পড়া কিন্তু সম্পূর্ণ আলাদা দুটি বিষয়]

আমাদের দেশে ছোটো বাচ্চাদের জন্য লেখা প্রচুর বিজ্ঞানের বই প্রতিবছর প্রকাশিত হয়। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যে, এই বইগুলোর বিরাট অংশই নামে মাত্র অনুবাদ করা বই; বাংলা এবং ইংরেজির জগাখিচুড়ি পাকানো বই। ফলে বাচ্চারা এসব বই পড়ে কিছুই বুঝতে পারে না এবং বিজ্ঞান পড়া থেকে ক্রমশ আগ্রহ হারিয়ে ফেলে। কিন্তু এই বইগুলোই যদি বাংলা ভাষায় সুন্দর করে উপস্থাপন করা হতো, তবে বাচ্চারা সহজেই টপিকগুলো বুঝতে পারতো এবং বিজ্ঞানে আগ্রহী হয়ে উঠত।

বাংলাদেশের গ্রামীণ সমাজ এখনো অনেকাংশেই কুসংস্কারাচ্ছন্ন। যুক্তিভিত্তিক বৈজ্ঞানিক ব্যাখ্যার সাহায্যে তাদের মন থেকে এই কুসংস্কারগুলো দূর করা সম্ভব। তবে, এজন্য প্রয়োজন মাতৃভাষায় বিজ্ঞানচর্চা। কেননা, তারা মাতৃভাষাতেই ভালোভাবে বুঝতে পারবে।

বিভিন্ন সময় আমাদের অনেক তথ্য জানার প্রয়োজন হয়। কিন্তু অধিকাংশ রিসোর্সই ইংরেজিতে হওয়ায় অনেকসময় আমরা সেই তথ্যগুলো ভালোভাবে বুঝতে পারি না; কিংবা কষ্ট হয় বুঝতে। এক্ষেত্রে বাংলায় বিজ্ঞানের রিসোর্স বাড়ানো প্রয়োজন। আর এর জন্য প্রয়োজন মাতৃভাষায় বিজ্ঞানচর্চা। মাতৃভাষায় বিজ্ঞান শেখা, বিজ্ঞান জানা এবং বিজ্ঞানচর্চা ছড়িয়ে দিতে পারলেই বাংলায় বিজ্ঞানের রিসোর্স বাড়ানো সম্ভব হবে।

বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহারিক রিসোর্স বাংলায় সমৃদ্ধ নেই। যেমন: আমরা ইউটিউবে সার্চ করলে এমন শত শত ভিডিও পাব যেখানে শেখানো হয় কীভাবে ছোটোখাটো ইলেকট্রনিক যন্ত্র বাসায় বসেই তৈরি করা সম্ভব! কিন্তু এই ভিডিওর সিংহভাগই ইংরেজি বা অন্য ভাষায়। কিন্তু বাংলা ভাষাতেও এই রিসোর্সকে সমৃদ্ধ করা অত্যন্ত জরুরি; যার জন্য প্রয়োজন বাংলায় বিজ্ঞানচর্চা!

উচ্চতর পড়াশোনায় বিজ্ঞানের বই বাংলা ভাষায় খুবই কম আছে এবং যা অল্প কিছু আছে তার বেশিরভাগই অনুবাদ বই। সেসব বই পড়েও খুব ভালোমতো বোঝা যায় না, কারণ অনুবাদক আক্ষরিক অনুবাদ করে থাকেন বেশিরভাগ সময়ই। যেখানে, আমাদের প্রয়োজন ভাবনাবাদ। আক্ষরিক অনুবাদের চেয়ে মূল ভাষাতেই পড়ে বেশি ভালো বোঝা যায়। এই যে বিজ্ঞানের বইয়ের অপ্রতুলতা, এর কারণে বিজ্ঞান শেখা, বিজ্ঞান জানার মাঝে বড়ো দেয়াল হিসেবে দাঁড়ায় ভাষা। এই ভাষার প্রতিবন্ধকতাকে দূর করতে হলে বাংলায় বিজ্ঞানচর্চার পরিধি বৃদ্ধি করতে হবে।

সুতরাং, এখন যদি আমরা উপসংহারে আসি, তবে দেখা যাচ্ছে যে, বাংলায় বিজ্ঞানচর্চার মাধ্যমে আমরা একটি বিজ্ঞানমনস্ক জাতি গঠন করতে পারব, যারা সহজে বিজ্ঞান বুঝবে, শিখবে এবং বিজ্ঞানকে ছড়িয়ে দিতে কাজ করতে সক্ষম হবে।

END OF TIME



২০৩৮ সালে ঘড়ি কাজ করা বন্ধ করে দিবে

ফাহিম ইহতেশাম সোহান

কালিগঞ্জ সরকারি কলেজ

১৯ জানুয়ারি ২০৩৮, এই দিনে অনেক কম্পিউটারের ঘড়িতে ০৩:১৪:০৬ এই সময় দেখাবে সেটা অনুমেয়। এটাই তো স্বাভাবিক। এরপরে দেখাবে ০৩:১৪:০৭। তারপরে ০৩:১৪:০৮। তাই না? সমস্যাটা এখানেই। সে ০৩:১৪:০৮ না দেখিয়ে দেখাবে ২০:৪৫:৫৫ শুক্রবার, ১৩ই ডিসেম্বর ১৯০১ তারিখটা।

এটাই ২০৩৮ সালের সমস্যা নামে পরিচিত। এছাড়া একে Y2038, Y2K38, or the Epochalypse নামে পরিচিত। কিন্তু ভয়ের কারণ নেই। এটা সবার ডিভাইসে হবে না। যে সিস্টেম ৩২-বিট ইন্টিজার সিস্টেম বা ৩২ বিট প্রসেসর ব্যবহার করে, সেই সব ডিভাইসে সমস্যাটা দেখা দিবে। চলুন, কেন এটা হবে সেটার উত্তর খুঁজে বের করি।

আমরা সবাই জানি, কম্পিউটার সব তথ্য জমা রাখে 0 ও 1 ব্যবহার করে। Tachyon শব্দটিকে কম্পিউটার বুঝতে পারে না। একে আগে কম্পিউটার বাইনারিতে কনভার্ট করে নেয় এভাবে 01010100 01100001 01100011 01101000 01111001 01101111 01101110। তারপর এটি নিয়ে নানা কাজ করে। ১ বিট (bit) হলো 0 অথবা 1। ২ বিটের ইন্টেজারে সর্বোচ্চ সংখ্যক ২টা 0 অথবা 1 থাকবে। যেমন 10, এটা ২ বিটের একটা বাইনারি সংখ্যা। 011 এটা ৩ বিটের। 01101110 এটা ৮ বিটের। আশা করি বিট ব্যাপারটা বুঝেছেন। n - বিট হলো কোনো বাইনারি সংখ্যায় nটা 0 অথবা 1। ৩২ বিট মানে ৩২টি 0 ও 1 দিয়ে গঠিত কোনো সংখ্যা।

এখন আমরা কল্পনা করি, ৩২ বিট প্রসেসরের কাছে একটা পাত্র আছে। সেখানে সে ৩২টা ০ ও ১ জমা রাখতে পারে। এর বেশি পারবে না। এই পাত্রে কম্পিউটার সংখ্যা জমিয়ে রাখে। আমাদের পরিচিত ০, ১, ২৬৯ ইত্যাদি সংখ্যা তবে বাইনারিতে। কোনো পাত্র যদি ৬৯ সংখ্যা জমিয়ে রাখে তাহলে সেটার চেহারা হবে এমন ১০০০১০১। চলেন হিসেব করি সে একটা পাত্রে মোট কতটা সংখ্যা জমিয়ে রাখতে পারে। একটা পাত্রে 2^{32} বা ৪২৯৪৯৬৭২৯৬ সংখ্যক সংখ্যা সে জমিয়ে রাখতে পারবে। এখন একটা পাত্রে ০ থেকে 2^{32} পর্যন্ত সংখ্যা রাখা মোটেও বুদ্ধিমানের কাজ হবে না। কারণ আমাদের নেগেটিভ সংখ্যার হিসেব রাখা দরকার। তাহলে আমরা 2^{32} কে অর্ধেক করে ফেলি। যার অর্ধেক পজিটিভ সংখ্যার জন্য, বাকি অর্ধেক নেগেটিভ সংখ্যার জন্য। 2^{32} - কে অর্ধেক করলে পাব ২১৪৭৪৮৩৬৪৮। সুতরাং এখন বলা যায় আমাদের পাত্রে ২১৪৭৪৮৩৬৪৮ (2^{31}) সংখ্যক নেগেটিভ ও ২১৪৭৪৮৩৬৪৮ - ১ (০ যেহেতু নেগেটিভ পজেটিভ না এজন্য ১টা কম সংখ্যক পজেটিভ) সংখ্যক পজেটিভ সংখ্যা রাখতে পারব। তাহলে বলা যায় আমাদের পাত্রে -2^{32} থেকে (2^{32}) - ১ এর মধ্যকার সংখ্যা জমিয়ে রাখতে পারি। এর বেশি কখনও জমিয়ে রাখতে পারব না। এখন আমাদের ৩২ বিটের প্রসেসর ওই রেঞ্জের বাইরের কোনো সংখ্যা তার মেমোরিতে যাকে আমরা পাত্র বলছি, সেখানে জমিয়ে রাখতে পারে না। ঐ রেঞ্জের বাইরে গেলে সমস্যা হয়। যেটা এক প্রকার error বা কম্পিউটার বাগ। আশা করি এই অংশটা ক্লিয়ার। এখন আমাদের প্রধান সমস্যায় ফেরা যাক। ৩২ বিট প্রসেসরের ডিভাইসগুলো সময় গণনা করে কীভাবে সেটা জানা যাক। এইসব সিস্টেমে একটা পাত্রে সেকেন্ড গণনা করা হয়। মানে প্রতি সেকেন্ডে ওই পাত্রে এক করে যোগ করা হয়। বেল ল্যাব

UNIX নামে একটা অপারেটিং সিস্টেম বানিয়েছিল। এই অপারেটিং সিস্টেম ৩২ বিটের। অনেক সিস্টেম এখনও এই অপারেটিং সিস্টেম ব্যবহার করে। এখন আমরা জানি এই সিস্টেমে একটা পাত্র আছে যেটাই সে সেকেন্ড গণনা করে। প্রতি সেকেন্ডে সে এই পাত্রের মান ১ করে বাড়ায়। ০০:০০:০০ UTC January 1st 1970 এই সময়ে ওই পাত্রের মান বাড়ানো শুরু হয়েছে। অর্থাৎ ওই সময়ে আমাদের পাত্রে রাখা মান ছিল ০। তারপর থেকে ঐ পাত্রে প্রতি সেকেন্ডে ১ করে মান বাড়ছে। এই লেখা অবস্থায় ঐ পাত্রের বর্তমান মান হলো ১৬৭৪৩৩১২২৫। যেহেতু মান বাড়ছে সেহেতু একসময় আমাদের পাত্রের ধারণক্ষমতা থেকে বেশি হয়ে যাবে। আমরা জানি, আমাদের পাত্রের সর্বোচ্চ মান ২১৪৭৪৮৩৬৪৮ - ১। সুতরাং বলা যায় ০০:০০:০০ UTC January 1st 1970 এই সময়ের পর থেকে ২১৪৭৪৮৩৬৪৮ - ১ সেকেন্ড পরে আমাদের পাত্রে রাখা মান পাত্রের ধারণক্ষমতা থেকে বেশী হয়ে যাবে। ০০:০০:০০ UTC January 1st 1970 পর ২১৪৭৪৮৩৬৪৮ - ১ সেকেন্ড সামনে গেলে আমরা পৌঁছাব ১৯ ০৩:১৪:০৬ UTC January 2038 এ। এক কথায় ০৩:১৪:০৬ UTC January 2038 -তে আমাদের ঐ পাত্রের মান ধারণক্ষমতা থেকে বেশি হবে। তখন তৈরি হবে error যেটাকে আমরা বাগ বলি। ধারণক্ষমতা বেশি হয়ে গেলে ওই পাত্রের মান গণনা আবার প্রথম থেকে শুরু হবে। সময় দেখাবে January 1st 1970। এটাই হলো ২০৩৮ সালের সমস্যা বা Y2k38।

একবার ভাবুন অনেক সিস্টেমের সময় ওলটপালট হয়ে গেছে। তখন একটা বামেলা তৈরি হবে। ঐ সময়ে কোনো প্লেনে যদি ওই ৩২ - bit সিস্টেমের কম্পিউটার ব্যবহার করা হয়, তখন ওই প্লেন ক্রাশ

করার সম্ভাবনা আছে। আপনার কেনা সফটওয়্যার এর লাইসেন্স শেষ হবে না। তাহলে মুক্তির উপায়? আসলে এটা কোনো সমস্যায় না। আমরা 32-bit ব্যবহার না করে 64-bit ব্যবহার করতে পারি। যা এই যুগের প্রায় সব কম্পিউটার 64-bit প্রসেসর ব্যবহার করে। এছাড়া ওই ডিভাইস ইন্টারনেটের

সাথে সাথে যুক্ত থাকলে সমস্যা নেই। সবচেয়ে সহজ সমাধান হলো 64-bit প্রসেসর ব্যবহার করা। 64-bit ব্যবহার করলে এই সময়টা কত বাড়বে সেটা হিসেব করার কাজ আপনাদের। নিচের উল্লেখ করা ওয়েবসাইটে আমাদের কল্পনা করা পাত্রের লাইভ মান দেখতে পারবেন। আজ এই পর্যন্ত।

আমরা কাঁ করি ?

বিজ্ঞান সাময়িকী

বিজ্ঞানের কথাগুলোকে সবার মাঝে সঠিকভাবে উপযোগী করে উপস্থাপন করার জন্য আমরা 'ট্যাকিয়ন' নামে একটি অনলাইন বিজ্ঞান সাময়িকী প্রকাশ করে থাকি। বিজ্ঞানের নানা সাম্প্রতিক বিষয়, ব্যাখ্যাসহ বিশেষজ্ঞদের মতামত এই ম্যাগাজিনের প্রধান বিষয়বস্তুর মধ্যে অন্যতম।

বিজ্ঞান আড্ডা

বিজ্ঞানের নানা বিষয় নিয়ে আড্ডা দেওয়ার মানুষজনের কমতি নেই বাংলাদেশের। এসব কৌতুহলী মনের মানুষদেরকে একত্রিত করা ও আড্ডা জমানোই হচ্ছে বিজ্ঞান আড্ডার মূল আইডিয়া। সাধারণত একটি পূর্বনির্ধারিত বিষয়ের উপরে অনলাইন প্ল্যাটফর্মে সবাই যুক্ত হয়ে আড্ডা দেয় এই অনুষ্ঠানে।

বিজ্ঞান উপযোগীকরণ

বিজ্ঞানের সব বিষয় বাংলাদেশের সংস্কৃতি ও অধিকাংশ মানুষের বিশ্বাসের সাথে হয়ত মিলবে না। তাই বিজ্ঞানের কোনোরূপ বিকৃতি সাধন না করে তা বাংলাদেশের মানুষের জন্য উপযোগীকরণ নিয়ে কাজ করছে আমাদের সংগঠন।

বিজ্ঞান কোর্স

বিজ্ঞানের বিষয়গুলোকে হাতেকলমে বুঝানোর জন্য আমরা নানা কোর্স চালু করেছি। দক্ষ প্রশিক্ষকের মাধ্যমে বিজ্ঞানের নানা বিষয় সহজভাবে বুঝানোই এই কোর্সের লক্ষ্য।

বিজ্ঞান নিউজ

বিজ্ঞানের সাম্প্রতিক বিষয়গুলো যাতে নিয়মিত বাংলাদেশের মানুষের কাছে পৌঁছাতে পারে তাই আমাদের বিজ্ঞান নিউজ বিভাগ সবসময় কাজ করে চলেছে।

ইন্টিগ্রেশন বি

ক্যালকুলাসের দক্ষতা যাচাইয়ের জন্য অনলাইনভিত্তিক ও দলগত প্রতিযোগিতা ইন্টিগ্রেশন বি। ২০২০ সাল থেকে প্রতিবছর আগস্টে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে।

আমাদের সাথে যুক্ত হতে আমাদের ফেইসবুক পেইজে যোগাযোগ করুন

www.facebook.com/TachyonTs

The Game of Uncertainty



প্রকৃতির বিভিন্ন ঘটনা মানুষ খেয়াল করতে শিখেছে অনেক আগে থেকে। মানুষ অন্তত অনুধাবন করতে পেরেছিল যে প্রকৃতির ঘটনাগুলো নির্দিষ্ট কিছু নিয়মমাফিক চলে। আর এই নিয়মগুলো চিরন্তন, ভবিষ্যতেও অপরিবর্তনীয় থাকবে, এই আশায় এবং অনুপ্রেরণায় মানুষ চেয়েছে প্রকৃতির আচরণ উদ্ঘাটন করতে। মানুষ খেয়াল করেছিল একটি গাছ থেকে আপেল আজ যেভাবে নিচের দিকে পড়ছে, গতকালও সেই একইভাবে পড়েছিল, একটি মাকড়সা পানির উপর দিয়ে দিব্যি হেঁটে চলে গেল, লোহা পানিতে ডুবে যাচ্ছে কিন্তু পারদে ডুবছে না। এই ঘটনাগুলো কেন হচ্ছে, কীভাবে হচ্ছে, অন্যভাবে হওয়া সম্ভব কিনা তার উত্তর খোঁজ করতে গিয়েই সৃষ্টি 'প্রাকৃতিক দর্শন' বা 'Natural Philosophy' - র। পরবর্তীতে এরই নামকরণ হয় 'পদার্থবিজ্ঞান', ইংরেজিতে যাকে বলে 'Physics'। পদার্থবিজ্ঞানীদের মধ্যে একটি প্রচলিত দর্শন ছিল নির্ধারণবাদ, নিয়তিবাদ (Determinism)। এই দর্শন ধারণাকারী

বৈজ্ঞানিক, দার্শনিকরা ভাবতেন প্রকৃতির বর্তমান সম্পর্কে আমার যত ভালো জ্ঞান থাকবে, আমি তার ভবিষ্যৎ সম্পর্কে তত ভালোভাবেই ধারণা দিতে পারব। এই মতবাদে নিজ ইচ্ছা শক্তি বলতে কিছু নেই।

ফ্রি উইল একটি ইলুউশন বা ভ্রম মাত্র। ইউনিভার্স ডিটারমিনিস্টিক হলে, আপনার মস্তিষ্কের প্রতিটি অণু পরমাণুর তথ্য আমার জানা থাকলে আমি এও বলে দিতে পারব যে আপনার ভবিষ্যৎ পরিকল্পনা কী হবে। আপনি একটু পর কী করবেন তাও বলে দিতে পারব। বিজ্ঞানী লাপ্লাস এর ব্যাখ্যায় বলেন, "ধরে নিন শয়তানকে যদি এই জগতের প্রতিটি অণু-পরমাণুর অবস্থান, গতিবেগ, ক্রিয়া-প্রতিক্রিয়া সম্পর্কে জানিয়ে দেওয়া হয়, তাহলে সে আজ থেকে ১০০ বছর পর কী হবে, কাল কী হবে, এমনকি জগতের ধ্বংস কবে হবে, তাও সে বলে দিতে পারবে।" লাপ্লাসের এই চিন্তাকে 'Laplace's Demon' নামে

আখ্যায়িত করা হয়। মূলত যা বোঝাতে চাচ্ছি তা হলো, প্রকৃতি নির্দিষ্ট কিছু নিয়ম মেনে চলে, এই নিয়মগুলো প্রয়োগ করে আমরা মহাবিশ্বের ভবিষ্যৎ বলে দিতে সক্ষম। অর্থাৎ মহাবিশ্ব বিশাল একটা ঘড়ির মতো যার কাঁটাগুলো কখন কোথায় থাকবে, তা আমরা ঘড়ির কাঁটার বর্তমান অবস্থা দেখেই বলে দিতে পারব। ঘড়ির কাঁটা, ফ্রেম, ভেতরের গিয়ার, ব্যাটারি সব মিলিয়ে ঘড়ি যেমন একটা নিয়মমাফিক কার্যসম্পাদন করে, মহাবিশ্বও তেমনি। এই ধারণাকে বলা হয় 'The Clockwork Universe'। নিউটন, লাপ্লাস, আইনস্টাইন এহেন বড়ো বড়ো বিজ্ঞানীরা এই মতবাদ লালন করতেন।

Two Dark clouds on the horizon

১৮৯৯ সাল শেষ। পদার্থবিজ্ঞানের আবিষ্কার প্রায় পরিপূর্ণ। এখন আমরা আমাদের আশেপাশে হওয়া প্রায় সব ঘটনাই ব্যাখ্যা করতে পারি। ১৯০০ সালের ২৭ এপ্রিল রয়েল ইনস্টিটিউটে এক লেকচারে ২টি সমস্যার কথা বললেন যা এখনও পদার্থবিজ্ঞানীদের প্যারা দিচ্ছে।

১. ইথারের সাপেক্ষে বস্তুর গতি,
২. তাপীয় গতিশক্তির সমবিভাজন নীতি (Equipartition theorem)।

পরবর্তীতে এই দুই সমস্যাই পুরো পদার্থবিজ্ঞানের বিশাল সাম্রাজ্যের শক্ত খুঁটিকে হেলিয়ে দিয়ে সামনে নিয়ে আসে বিশেষ আপেক্ষিকতার তত্ত্ব আর কোয়ান্টাম তত্ত্ব। উভয় তত্ত্বই মহাবিশ্বের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গির বিশাল পরিবর্তন করেছিল।

Quantum world

আগে ভাবা হতো শক্তি নিরবিচ্ছিন্ন, তরঙ্গের ন্যায়। কোয়ান্টাম থিওরি অনুসারে শক্তি ভাঙ্গা-ভাঙ্গা অবস্থায়

বিচরণ করে, কণার ন্যায়। এই ভাঙ্গা অংশকে বলে ফোটন বা কোয়ান্টা। পরবর্তীতে দেখা যায় চার্জ, ভরবেগ, কৌণিক ভরবেগ এগুলোও নিরবিচ্ছিন্ন নয়। এরা নির্দিষ্ট একটি ন্যূনতম মানের সরণ গুণিতক আকারে প্রকৃতিতে থাকে। একে " h " দিয়ে প্রকাশ করে। এর সাংখ্যিক মান $1.05457182 \times 10^{-34}$ J.s.। কোয়ান্টাম জগতে কোনো নির্ণেয় রাশির মান শুরুই হয় এই মান থেকে। আস্তে আস্তে এই তত্ত্ব বিকশিত হতে থাকে, অন্যদিকে পরমাণুর নতুন নতুন মডেলও আমাদের সামনে আসতে থাকে। বিজ্ঞানী বোর এই তত্ত্ব ব্যবহার করে তার পরমাণু মডেল দেন। বোরের মডেলেই শেষ নয়, নতুন নতুন অবজার্ভেশন, এক্সপেরিমেন্টের ওপর নির্ভর করে নতুন মডেল উদ্ভাবন হতে থাকে। এসময় ডি ব্রগলি ১৯২৪ সালে তার মডেল প্রদান করেন, যেখানে তিনি ইলেকট্রনকে কণা না ভেবে স্থির তরঙ্গ হিসেবে চিন্তা করেন।

যেখানে λ ইলেকট্রন তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য,

$$\lambda = \frac{h}{p} ; p \text{ হচ্ছে ইলেকট্রনের ভরবেগ, } h \text{ প্লাংকের ধ্রুবক।}$$

কিন্তু ইলেক্ট্রন তরঙ্গরূপী বলতে আসলে কী বুঝানো হচ্ছে এ বিষয়ে কারোই কোনো সঠিক ধারণা ছিল না। তরঙ্গটা আসলে কীসের তৈরি? ১৯২৬ সালে আরউইন শ্রোডিঞ্জার তার পরমাণু মডেল প্রকাশ করেন যেখানে তিনি ইলেকট্রন তরঙ্গকে ইলেকট্রনকে পাওয়ার সম্ভাবনাকে বোঝান। তরঙ্গের বিস্তারকে যদি Ψ (সাই) দিয়ে প্রকাশ করি, তবে ইলেকট্রন পাওয়ার সম্ভাবনা $|\Psi|^2$ । শ্রোডিঞ্জারের এই মডেল প্রকাশের পর কোয়ান্টাম কণিকার আচরণ আর সঠিকভাবে নির্ধারণ করা সম্ভব থাকল না। কোয়ান্টাম মেকানিক্সের জন্ম অনেকটা এখান থেকেই। মনে

রাখতে হবে, কোয়ান্টাম থিওরি আর কোয়ান্টাম মেকানিক্স এক জিনিস না বা সমার্থক শব্দও না।

হাইড্রোজেন পরমাণুর প্রথম কক্ষপথে ইলেকট্রনের তরঙ্গের বিস্তার,

$$\Psi = A \exp\left(\frac{-r}{a}\right) \text{ [এখানে } a \text{ হচ্ছে বোর radius]}$$

r এর মান অসীম হলেই একমাত্র ইলেকট্রন তরঙ্গের বিস্তার শূন্য হবে।

আসলে Ψ -কে ইলেকট্রনের তরঙ্গ বললে ভুল হবে। প্রতিটি কণার সাথেই একটি তরঙ্গ জড়িত থাকে, যা বাস্তব ও অবাস্তব তলে কম্পিত হয়, একে Ψ বা ওয়েভ ফাংশন বলে। যদি বলি ওয়েভ ফাংশন কীসের কম্পন? উত্তর হবে সম্ভাবনার। সম্ভাবনার কম বেশিই এই 'সাই' এর উৎস। সুতরাং দেখা যাচ্ছে, ফাভামেন্টাল লেভেলে প্রকৃতি সৃষ্টিগত ভাবেই সম্ভাবনাময়। এই সম্ভাবনাময় জগতকে আরও ভালোভাবে ফুটিয়ে তুলেছিলেন ভারনার হাইজেনবার্গ ১৯২৯ সালে। ডি ব্রগলির সূত্রটি খেয়াল করুন,

$$\lambda = \frac{h}{p}$$

$$\Rightarrow \lambda \cdot p = h$$

$$\Rightarrow \Delta \lambda \cdot \Delta p = h$$

$\Rightarrow \Delta x \cdot \Delta p \approx h \dots\dots(1)$; Δx আর $\Delta \lambda$ এর physical significance একই। $\Delta \lambda$ বাড়লে ইলেকট্রনের অবস্থান সম্পর্কে অনিশ্চয়তা বাড়ে।

এই সূত্র মতে, আপনি যদি কোনো কণার অবস্থান সম্পর্কে জানেন, তার ভরবেগ সম্পর্কে অজ্ঞাত হয়ে পড়বেন। আর তার উল্টোটাও সঠিক। ভরবেগ সম্পর্কে জানেন তবে তার অবস্থান সম্পর্কে অজ্ঞাত হয়ে পড়বেন। কিন্তু এই সূত্রের কি কোনো সাধারণ (Generalized) বিবরণ নেই? শুধু অবস্থান আর

ভরবেগই কেন? আছে। হাইজেনবার্গের সূত্রের সাধারণ উক্তিটি এমন, "যে-কোনো দুটি অনুবন্ধী জোড়ের (Conjugate pair) আদর্শ বিচ্যুতি (Standard deviation) এর গুণফল হবে " \hbar " এর চেয়ে বড়ো নয় সমান। কখনও " \hbar " এর চেয়ে ছোটো নয়, শূন্য হবে না।"

অনুবন্ধী জোড়গুলো কোয়ান্টাম মেকানিক্সের মৌলিক নীতি থেকে আসে। যেমন, (অবস্থান, ভরবেগ), (শক্তি, সময়), (কৌণিক অবস্থান, কৌণিক ভরবেগ) ইত্যাদি। কিছু অনুবন্ধী জোড় নিচে দেওয়া হলো:

Position and momentum: $\Delta x * \Delta p \geq h/4\pi$

Energy and time: $\Delta E * \Delta t \geq h/4\pi$

Angular momentum and angular position: $\Delta L * \Delta \theta \geq h/4\pi$

Spin and magnetic field: $\Delta S * \Delta B \geq h/4\pi$

Electric charge and electric potential: $\Delta Q * \Delta V \geq h/4\pi$

Electric current and magnetic field: $\Delta I * \Delta B \geq h/4\pi$

Electric dipole moment and electric field gradient: $\Delta p * \Delta E \geq h/4\pi$

Magnetic moment and magnetic field: $\Delta m * \Delta B \geq h/4\pi$

Electric quadrupole moment and electric field gradient: $\Delta Q * \Delta E \geq h/4\pi$

Magnetic quadrupole moment and magnetic field gradient: $\Delta M * \Delta B \geq h/4\pi$

Electric octupole moment and electric field gradient: $\Delta O * \Delta E \geq h/4\pi$

Magnetic octupole moment and magnetic field gradient: $\Delta N * \Delta B \geq h/4\pi$

Electric hexadecapole moment and electric field gradient: $\Delta H * \Delta E \geq h/4\pi$

Magnetic hexadecapole moment and magnetic field gradient: $\Delta K * \Delta B \geq h/4\pi$

Electric 32-pole moment and electric field gradient: $\Delta L * \Delta E \approx h/4\pi$

Magnetic 32-pole moment and magnetic field gradient: $\Delta J * \Delta B \approx h/4\pi$

Electric 64-pole moment and electric field gradient: $\Delta G * \Delta E \approx h/4\pi$

Magnetic 64-pole moment and magnetic field gradient: $\Delta F * \Delta B \approx h/4\pi$

একটি সম্পর্ক জানা থাকলেই অন্যগুলো বের করা যায়।

যেমন:

$$\Delta x \cdot \Delta p \approx h \dots\dots(1)$$

$$\Rightarrow \Delta t \cdot c \cdot \Delta E / c \approx h$$

$$\Rightarrow \Delta E \cdot \Delta t \approx h \dots\dots(2)$$

এই সূত্র মতে কোনো নির্দিষ্ট সময়ে কোনো সিস্টেমে থাকা এনার্জি কন্টেন্টের পরিমাণ সম্পর্কে আমরা সঠিকভাবে বলতে পারব না।

এখানে আসলে 'আমরা' জানতে পারা বা পরিমাপ করতে পারার বিষয়টা ফুটিয়ে তোলা মূল উদ্দেশ্য নয়। আসলে প্রকৃতিই এমনভাবে গঠিত যে এগুলো একসাথে পরিমাপ করা যায় না। এই ইকুয়েশনগুলো আমাদের কি বোঝাতে চাচ্ছে তা আমরা ক্লাসিক্যালি চিন্তা করতে পারি।

(1) নং সমীকরণ অনুসারে আমি যদি জানি একটা গ্লাস টেবিলের এই পয়েন্টে আছে, আমি তার বেগ সম্পর্কে জানবো না। মানে বুঝেছেন কি? আসলে এমন একটা দৃশ্য ভিজুয়লাইজ করাই সম্ভব না আমাদের মস্তিষ্ক দিয়ে। কারণ আমরা বস্তুজগতে অবস্থান দেখেই তার বেগ পরিমাপ করি।

প্রকৃতির এই আইন আবিষ্কার এরপর নিয়তিবাদের দর্শন চূড়মাড় হয়ে যায়। স্বয়ং আইন্সটাইনেরও এই

নিয়ম মেনে নিতে অনেক বেগ পেতে হয়েছে। যেহেতু এই একটি নীতি বা আইন সাধারণ বুদ্ধিবৃত্তির বিপরীতে ছিল, এর প্রয়োগগুলোও ছিল আমাদের চিন্তার জন্য পুরোপুরি নতুন।

সাথে উন্মোচিত হয়েছিল অনেক রহস্যের সমাধান। যেমন:

১. আমরা কেন পরমশূন্য তাপমাত্রা অর্জন করতে পারি না?

হাইজেনবার্গের সূত্র দিয়ে এর একটা সুন্দর ব্যাখ্যা দাঁড় করানো যায়। আচ্ছা পরমশূন্য তাপমাত্রায় বস্তুর কণা, অণু পরমাণুর কি কোনো বেগ থাকবে? আমরা জানি, বস্তু কণার বেগ তার তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক। যদি, তাপমাত্রা 0K হয়, তবে পরমাণু অনুর বেগ কত? অবশ্যই শূন্য।

এবার অনিশ্চয়তার সূত্রে আসি,

$$\Delta x \cdot \Delta p \approx h$$

$$\Rightarrow \Delta x \cdot m \Delta v \approx h$$

$\Rightarrow \Delta x \cdot 0 \approx h$ [যেহেতু আপনি নিশ্চিত যে পরমশূন্য তাপমাত্রায় বস্তু কণার বেগ শূন্য, তাহলে বেগ পরিমাপের অনিশ্চয়তা শূন্য]

$$= \Delta x \approx \text{undefined}$$

দেখা যাচ্ছে, পরমশূন্য তাপমাত্রায় কোনো বস্তুকে নেওয়া হলে আমরা তার অবস্থান সম্পর্কে পুরোপুরি অনিশ্চিত হয়ে যাচ্ছি। বিষয়টা কেমন না? এক বালতি ভরা পানিকে যত ঠাণ্ডা করতে থাকবেন, আপনি দেখবেন বালতিসহ পানি কেমন যেন শূন্যে মিলিয়ে যাচ্ছে তরঙ্গের মতো। বস্তুকে অতিরিক্ত ঠাণ্ডা করলে এক নতুন দশা প্রদর্শন করে, যা অনেকটা তরঙ্গধর্মী একে "Bose-Einstein Condensate"

বলে। যেহেতু অবস্থান অনির্ণয় হয়ে যায়, তাই আমরা কোনো বস্তুকে পরমশূন্য তাপমাত্রায় নিতে পারি না।

২। শূন্যস্থান আসলে শূন্য নয়

(২) নং সূত্রটি খেয়াল করুন,

$$\Delta E \cdot \Delta t \approx h$$

এই সূত্র মতে কোনো একটা নির্দিষ্ট সময়ে কোনো সিস্টেমে থাকা এনার্জি কন্টেন্টের পরিমাণ সম্পর্কে আমরা সঠিকভাবে জানতে পারব না। তার মানে আপনি স্থান থেকে সকল ম্যাটার, রেডিয়েশন আলাদা করলেও স্পেসে একটা পরিমাণে এনার্জি থেকেই যাবে। একে 'Zero point energy' বলে। (1) এই এনার্জি (খুব কম সময়ের জন্য) পর্যাপ্ত পরিমাণ হলে, সেখান থেকে ম্যাটার-এন্টিম্যাটার তৈরিও হতে পারবে। আইনস্টাইনের জেনারেল রিলেটিভিটি অনুসারে এই এনার্জিই স্থান এর সম্প্রসারণের জন্য দায়ী। যদিও অবজার্ভেশন আর থিওরিটিক্যালি প্রাপ্তমানের মধ্যে বিশাল তফাত।

৩। বিভিন্ন বলের পাঞ্জা

মহাকর্ষ বল অসীম দূরত্বেও কাজ করে, সবল নিউক্লিয় বল করে না কেন? এর উত্তর এই অনিশ্চয়তার নীতি থেকে দেওয়া যায়।

কোয়ান্টাম ফিল্ড থিওরি মতে, প্রত্যেক বলে জন্যই নির্দিষ্ট বাহক কণা রয়েছে। যেমন: সবল নিউক্লিয় বলের জন্য মেসন, ইলেক্ট্রোম্যাগনেটিকের জন্য ফোটন, মহাকর্ষ বলের জন্য গ্রাভিটন ইত্যাদি। ফোটন, গ্রাভিটন ভরহীন, মেসন ভর যুক্ত। হাইজেনবার্গের সূত্র (২ নং) মতে, বেশি শক্তিসম্পন্ন তো লাইফটাইম কম। চলুন একটা রিলেশন দাঁড় করাই,

$$\Delta E \cdot \Delta t \approx h$$

$$\Rightarrow \Delta t \approx \frac{h}{\Delta E}$$

$$\Rightarrow \Delta t \approx hmc^2 \dots (g)$$

আবার, range = $c\Delta t$

$$\Rightarrow \text{range} = \frac{h}{mc} \text{ (g থেকে } \Delta t \text{ এর মান বসিয়ে)}$$

ফোটন, গ্রাভিটন ভরহীন তাই এদের রেঞ্জ আসে অসীম। আর মেসনের ভর বসিয়ে আমরা যে মান পাই, তা প্রায় ১ - ১.৫ femtometer এর মাঝামাঝি।

৪। কুলম্বের সূত্র

কোয়ান্টাম মেকানিক্সের সূত্র দিয়ে আমরা অনেক সময় ক্লাসিক্যাল সূত্রগুলোও পাই। যেমন, হাইজেনবার্গের সূত্র ব্যবহার করে কুলম্বের সূত্রে উপনীত হওয়া যায়। হাতের কাছে খাতা কলম থাকলে বসে পড়ুন। একটু হিসাব করতে হবে। আমরা যদি ধরে নেই যে, কুলম্বের আকর্ষণ বিকর্ষণ ফোটনের আদান প্রদানে হয় তবে,

আমরা জানি,

$$F = \frac{\Delta p}{\Delta t}$$

$$\Rightarrow F = \frac{2\Delta E}{c\Delta t} \text{ [ফোটনের ভরবেগ, } p = \frac{E}{c} \text{; পরিবর্তন}$$

$$= \left| \left(\frac{-E}{c} - \frac{E}{c} \right) \right| = \frac{2E}{c}]$$

$$\Rightarrow F = \frac{2\Delta E}{c} \left(\frac{r}{c} \right) \text{ [r তে চার্জ দুটির মধ্যবর্তী দূরত্ব]}$$

$$\Rightarrow F = \frac{2\Delta E}{r}$$

$$\Rightarrow F = \frac{2\hbar}{2\Delta tr} \text{ [} \Delta E \Delta t \approx \hbar \text{]}$$

$$\Rightarrow F = \frac{\hbar}{\Delta tr}$$

$$\Rightarrow F = \frac{\hbar}{\left(\frac{r}{c}\right)r}$$

$$\Rightarrow F = \frac{\hbar c}{r^2}$$

$$\Rightarrow F = \frac{e^2}{ar^2} \dots (C) \left[a = \frac{e^2}{\hbar c} ; a \text{ হচ্ছে Fine structure constant} \right]$$

দেখা যাচ্ছে, আমরা কুলম্বের সূত্রের মূল গঠনটি আনতে পেরেছি। এইরকম আরও অনেক ক্ষেত্রে এই সূত্রটি আমরা কাজে লাগাতে পারি। প্রকৃতির প্রতি আমাদের দৃষ্টিভঙ্গিকে পরিবর্তন করতে শিখিয়ে ছিল এই আইন।

লাপ্লাসের শয়তান কখনই প্রকৃতির সকল তথ্য লাভ করতে সক্ষম নয়, কারণ প্রকৃতি নিজেই সবসময়

নিজের জন্য প্রাইভেসি হিসেবে কিছু লুকিয়েই রাখবে।

কিছু তথ্য তার কাছ থেকে পেতে হলে আপনাকে কিছু তথ্য ছাড় দিতে হবে। একইসাথে আপনি সবজাত্তা হতে পারবেন না। ডিটারমিনিজম এর শেকল থেকে এই নীতি আমাদের উদ্ধার করেছিল অনেকটা বলা যায়। অন্ততপক্ষে নিজ ইচ্ছায় আর্টিকেলটি পড়ে শেষ করলেন সেই জন্য আপনাকে অভিনন্দন।


লেখকঃ রুশলান রহমান দীপ্ত

নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ,

মিলিটারি ইন্সটিটিউট অফ সায়েন্স এন্ড টেকনোলজি


ট্যাকিয়ন

কল্পনার রাজ্যে আপনাকে স্বাগত! বিনামূল্যে বিজ্ঞান নিয়ে জানতে ঘুরে আসুন আমাদের ব্লগ সেকশনে।



আমাদের ওয়েবসাইটে পাবেন বিজ্ঞানের নানা ব্লগ ও আমাদের বিজ্ঞান সাময়িকীর পূর্বের সংখ্যাগুলো

<http://tachyonts.com>



বৃত্ত কেন ৩৬০°?

রাতুল আঢ়

শিক্ষার্থী, বিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়

আমরা সবাই জানি যে বৃত্তের কেন্দ্র ৩৬০° কোণ উৎপন্ন হয়। কেন ১০° বা ১০০° নয়? কিন্তু কখনও কি ভেবে দেখেছি কেন হয়? তো চল, আজকে বিষয়টা নিয়ে একটু ঘাঁটাঘাঁটি করা যাক!

আমরা এটার দুটি ব্যাখ্যা দেখব। যেগুলো সবই ব্যাবিলন সভ্যতার ৬০ ভিত্তিক সংখ্যার উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত।

১) ১৯৫০ সালে ব্যাবিলনের একটা কাদামাটির ফলক পাওয়া যায়, যেখানে দেখা যায় তারা হিসাব করে দেখিয়েছে বৃত্তের পরিধি ও এর মাঝে একটা সুষম ষড়ভুজ আঁকা হয় তাহলে তার পরিসীমা হবে,

একটা সুষম ষড়ভুজকে ছয়টা সমবাহু ত্রিভুজে ভাগ করা যায়, আবার সমবাহু ত্রিভুজের একটা কোণ ৬০° করে (তারা ৬০° করে ধরে নিয়েছিল কোণ মাপার একক চিন্তা করে)। যেহেতু ৬টি সমবাহু ত্রিভুজ মিলে একটা ষড়ভুজ তাই কেন্দ্রের সবগুলো কোণ মিলে হবে $৬ \times ৬০^\circ = ৩৬০^\circ$ ।

২) এই ব্যাখ্যাটি চাঁদ ও ঋতু বা সূর্যের হিসাবে করা। আমরা সবাই জানি, মাসের ইংরেজি month।


আবার Monday বা mon এটি moon এর সাথে সম্পর্কিত। Monday বা সোমবার, আবার সোম মানে চাঁদ। যাইহোক, ব্যাবিলনের জ্যোতির্বিদেদেরা লক্ষ করেছিলেন চাঁদের এক দশা থেকে অন্য একটা দশায় ফিরে আসতে মোটামুটি ৩০ দিন মতো লাগে।

তারা ৩০ দিনকে ১ মাস ধরে নিয়েছিল। (কিন্তু পুরোপুরি ৩০ দিন লাগে না, ২৯ দিন থেকে কিছুটা বেশি সময় লাগে)। তারা আবার লক্ষ করেছিল, এক ঋতু থেকে আবার এই ঋতুতে ফিরে আসতে প্রায় ১২ মাস লাগে। তারা জানত পৃথিবীর চারপাশে সূর্য ঘোরে। সেজন্য তারা ভেবেছিল, পৃথিবীর চারপাশে সূর্যের ঘুরে আসতে ১২ মাস মতো সময় লাগে। এটা একটা চক্রের মতো। তাহলে বছরের চক্রটা হয় $12 \times 30 = 360$ দিনে। (কিন্তু এখন আমরা জানি আসলে ৩৬৫ দিন মতো সময় লাগে)। এই চক্রকে জ্যামিতিকভাবে আঁকার জন্যে তারা বৃত্ত দিয়ে উপস্থাপন করেছিলেন। তারা বছরকে একটা বৃত্ত ও তার দিনকে এক-একটা ভাগ ধরেছিল। অর্থাৎ তারা বৃত্তকে ৩৬০ ভাগে ভাগ করেছিল পরে তার নাম দেওয়া হয় ডিগ্রি।


মূলত এভাবেই ধারণা দুটি এসেছে।

আরও কিছু মজার তথ্য, ৩৬০ এর অবাক করার মতো যে মোট উৎপাদক সংখ্যা ২৪টি (দারুণ কোইনসিডেন্স তাই না!)। বৃত্তকে ২, ৩ ও ৪ ভাগে আমরা ভাগ করতে পারি, তাহলে দেখা যায় যে তখনও সেগুলো পূর্ণসংখ্যায় থাকছে, অর্থাৎ 180° , 120° ও 90° । এগুলো কিন্তু আমাদের হিসাবে অনেক সাহায্য করে, তাহলে ভেবে দেখত যদি 100° হতো তাহলে কী হতো? যদি ৩ ভাগে ভাগ করা হতো তাহলে পেতাম ৩৩.৩৩... যা কিন্তু হিসাব করতে ততটা সুবিধাজনক না। তাই বলাই যায় বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ 360° হওয়াতে আমাদেরই সুবিধা হয়েছে!

কৃত্রিম বুদ্ধিমত্তার জন্য প্রথম চাকরি হারানো ব্যক্তি হলো 'টম'!



তার জন্য আমরা গভীরভাবে শোকাহত!!



WORDLE

চিটিং ছাড়াই Wordle (ওয়ার্ডল)

জিতব কীভাবে?

পৃথিবীজুড়ে লাখো মানুষ ইতোমধ্যে ওয়ার্ডল নামের পাজল গেইমটি খেলেছে। আর একজন পাজল আগ্রহী হিসেবে আমি ততটাই রোমাঞ্চিত হই, যতটা একজন জ্যোতির্বিজ্ঞানী সুপারনোভা দেখে হোন। যদিও এর আগে আমি ক্রস-ওয়ার্ডস, রুবিক্স কিউব, সুডোকুর মতো মজার সব ধাঁধা নিয়ে পড়ে থাকতাম, তবে ওয়ার্ডল আমাকে এতটা বেশি অবাক করেছে এজন্য যে - কীভাবে একটি পাজল একইসাথে এতটা সহজ-সরল নিয়মের মাঝে থেকেও এতটা ইন্টারেস্টিং হতে পারে! আজ এটি নিয়েই আলোচনা করব।

এর আগে চট করে খেলার নিয়মটি জেনে নেওয়া যাক -

- ❖ ৬টি সারি থাকে, যেখানে প্রতি সারিতে ৫টি করে ঘর থাকে।
- ❖ লক্ষ্য হচ্ছে - আপনার ঐ ধাপের জন্য নির্ধারিত গোপন শব্দটি ধারণা করতে হবে। এই খেলায় প্রতিটি শব্দই ৫টি বর্ণ নিয়ে গঠিত হতে হবে। কোনো অনর্থক বানানো
- ❖ শব্দ ব্যবহার করা যায় না। সারি বরাবর শব্দ লিখতে পারবেন।

- ❖ সর্বোচ্চ ৬ বার চেষ্টায় বুদ্ধি খাটিয়ে শব্দটি খুঁজে বের করতে হবে।
- ❖ সারিতে কোনো শব্দ লিখে ENTER (এন্টার বাটন) চাপার পর চক্ষুষ প্রতিক্রিয়া দেখতে পাবেন। আপনার লেখা শব্দের কোনো বর্ণ গোপন শব্দটিতে না থাকলে সেই বর্ণটি ধূসর করে দেবে, বর্ণটি ভুল অবস্থানে থাকলে হলুদ আর ঠিক অবস্থানে থাকলে সবুজ দেখাবে।

অনেকে যদিও ভাবতে পারে যে, ইন্টুইশন (অন্তদৃষ্টি) এবং সৌভাগ্য ছাড়া এই ধাঁধার সমাধান সম্ভব না, তবে এটা পুরোপুরি সত্য নয়। কারণ, যথাযথ বুদ্ধি খাটিয়ে বুঝে-শুনে ধারণা করতে থাকলে গড়ে ৫ থেকে ৬টি চাঙ্গেই মিলিয়ে ফেলা সম্ভব। কিন্তু মানুষ তো আর কম্পিউটার নয়, যে সবসময়ই আগের সবগুলো চেষ্টার ফলাফল হিসাবের আওতায় এনে যথাসম্ভব সেরা শব্দটি খুঁজে বের করে পরবর্তী চেষ্টাগুলো চালাবে। তবুও, খাতা-কলম নিয়ে প্রতি ধাপে নিজের মতো করে সর্বোচ্চ চেষ্টা করলে শেষ পর্যন্ত গিয়ে হলেও সমাধান পাওয়া সম্ভব। দ্য নিউ ইয়র্ক টাইমসের ওয়ার্ডল-বটের ফলাফল অনুযায়ী, মানুষ “adieu”, “audio”, “raise” শব্দগুলো যথাক্রমে ৭%, ৪%, ৩% সময়ই প্রথম চেষ্টায় ব্যবহার

করে থাকে। যেখানে, কম্পিউটারের কাছে ২% থেকে ৩% সময়ই পছন্দের তালিকায় প্রথমদিকে থাকে “stare”, “crane” এবং “slate”; যেটা আবার মানুষের কাছে খুব একটা জনপ্রিয় না। এর কারণ, খুব সম্ভবত বেশিরভাগ মানুষ এক্ষেত্রে শব্দ গঠনের সময় স্বরবর্ণের ব্যাপারটা আগে ঠিক করতে চায়। অর্থাৎ, গোপন শব্দটিতে কী কী স্বরবর্ণ আছে সেটা নিশ্চিত হতে চায়। যদিও এই ৬টি শব্দের কোনোটা সমাধান নাও হতে পারে, তবে বেশিরভাগ সময় ঠিক উত্তরটি সন্ধানে ভালোই সাহায্য করে থাকে। এছাড়া, সমাধান বের করার জন্য বিশাল শব্দভাণ্ডার থাকা জরুরি নয়। তবে স্বাভাবিকভাবেই যার শব্দভাণ্ডারে শব্দ যত বেশি, তার এক-দুইবার চেষ্টার পর অধিকতর দ্রুত সমাধানের কাছাকাছি পৌঁছে যাওয়ার সম্ভাবনা বেশি।

জেতার প্রো-টিপস:

- ❖ ধূসর হয়ে যাওয়া বর্ণগুলো (যথাসম্ভব) নেই, এমন শব্দ পরবর্তী চেষ্টায় ব্যবহার করতে হবে।
- ❖ হলুদ হয়ে যাওয়া বর্ণগুলো অবশ্যই সমাধানে আছে, তাই সেগুলোর সবকটাই যেন পরবর্তী চেষ্টাগুলোয় থাকে। এবং এই বর্ণগুলোর অবস্থান পরিবর্তন করতে হবে (যেহেতু হলুদ রং দ্বারা ঐ বর্ণগুলোর অবস্থান যে ভুল ছিল, সেটা বুঝিয়ে দিয়েছে)।
- ❖ সবুজ রঙের বর্ণগুলো অবশ্যই পরবর্তী চেষ্টাগুলোতেও একই অবস্থানেই থাকতে হবে।

লেখক: মোঃ সিফাত হাসান

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা

A	U	D	I	O
I	N	T	E	R
W	R	I	S	T
S	W	I	F	T
S	H	I	F	T

চিত্রঃ ১

A	U	D	I	O
I	N	T	E	R
E	A	S	E	D
L	E	A	D	S
S	H	A	D	E
S	P	A	D	E

চিত্রঃ ২


A	U	D	I	O
C	R	A	N	E
S	W	I	F	T
S	L	E	P	T
S	L	E	E	T

চিত্রঃ ৩

মানুষের নৈতিকতায় প্রভাব ফেলতে সক্ষম চ্যাটজিপিটি!

Artificial Intelligence (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কে বর্তমানে এমন কোনো মানুষ খুঁজে পাওয়া প্রায় অসম্ভব যে এটার সম্পর্কে ন্যূনতম কোনো ধারণা রাখে না। ১৯৫১ সালে প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তার উদ্ভবের পর থেকে এর ব্যাপক উন্নতি সাধিত হয়েছে। এবং বর্তমানে আমাদের দৈনন্দিন জীবন থেকে রাষ্ট্রীয় পর্যায়েও এটা অবদান রাখা শুরু করে দিয়েছে। এই কৃত্রিম বুদ্ধিমত্তার ভেতর এক নতুন ও গুরুত্বপূর্ণ সংযোজন হচ্ছে চ্যাটজিপিটি (ChatGPT)। চ্যাটজিপিটির সৃজনশীলতা, লেখনী ও নিজের স্বাধীন মতামত দেয়ার ক্ষমতা ইত্যাদি মানুষকে করেছে বিস্মিত এবং বিমোহিত। কিন্তু সাম্প্রতিক সময়ে চ্যাটজিপিটির উদ্বেগজনক একটি দিক প্রকাশ পেয়েছে, যেটি হচ্ছে মানুষের নৈতিক বিচারবোধের ওপর চ্যাটজিপিটি বা কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব। আজকে আমরা এই দিকটির ব্যাপারেই বিস্তারিত জানব।

চ্যাটজিপিটি হচ্ছে ওপেনএআই (OpenAI) দ্বারা নির্মিত একটি কৃত্রিম বুদ্ধিমত্তার চ্যাটবট। এটি ২০২২ সালের ৩০ নভেম্বর সাধারণ মানুষের কাছে উন্মুক্ত করা হয়। এটি বিভিন্ন ধরনের চিঠি বা ই-মেইল লেখা, কোনো আর্টিকেল বা লিখনি লেখা, বিভিন্ন



প্রশ্নের উত্তর দেওয়া, এমনকি কোনো ব্যক্তির সাথে সাধারণ কথোপকথনেও সক্ষম।

মানুষের মনস্তাত্ত্বিক জগতে চ্যাটজিপিটির প্রভাব সম্পর্কে মানুষ-এর ধারণা খুবই সীমিত। যদিও অনেকেই কৃত্রিম বুদ্ধিমত্তার অবাধ ব্যবহারের ব্যাপারে সতর্ক করেছেন। যেমন এলিজার ইয়ুডকোয়াস্কি এর মতে, 'By far, the greatest danger of Artificial Intelligence is that people conclude too early that they understand it.' এবং সত্যিকার অর্থেই আমরা কৃত্রিম বুদ্ধিমত্তাকে পুরোপুরি বুঝে ওঠতে পারিনি।

সাম্প্রতিক এক গবেষণাতে উঠে এসেছে যে, চ্যাটজিপিটি ব্যবহারকারীর নৈতিক বিচারবোধকে প্রভাবিত করতে পারে। সায়েন্স রিপোর্ট এর এক গবেষণা মতে, মানুষের নৈতিক দ্বিধাবোধকে কোনো

একদিকে চালনা করতে চ্যাটজিপিটি বড়ো ভূমিকা রাখে। গবেষকরা এমনি এক নৈতিক দ্বিধাবিশিষ্ট সমস্যার উত্তর চ্যাটজিপিটির কাছে জানতে চান। যেখানে তারা চ্যাটজিপিটিকে বেশ



কয়েকবার জিজ্ঞাসা করেন যে, ৫ জন মানুষের জীবন বাঁচাতে ১ জন মানুষের জীবন বিসর্জন দেওয়া গ্রহণযোগ্য কি না। সেখানে দেখা যায়, চ্যাটজিপিটি উত্তরে পক্ষে এবং বিপক্ষে উভয় ধরনের মতই প্রকাশ করে। যা দ্বারা বোঝা যায়, চ্যাটজিপিটি কোনো নির্দিষ্ট নৈতিক অবস্থানের পক্ষপাতী নয়। এতে বোঝা যায় যে চ্যাটজিপিটির উপদেশ ধারাবাহিক নয়, তবুও তা মানুষের বিচারবোধকে প্রভাবিত করতে পারে। এটি গবেষকরা পরের পরীক্ষা থেকে জানা যায়। সেখানে তিনি ৭৬৭ জন মানুষ যাদের গড় বয়স ৩৯ বছর, তাদেরকে সেই আগের প্রশ্নটিই করেন। উত্তর দেওয়ার আগে তাদেরকে চ্যাটজিপিটির সেই প্রশ্নের পক্ষে-বিপক্ষে করা বিবৃতি পড়তে দেওয়া হয়। যদিও ৮০% মানুষ বলেন যে, চ্যাটজিপিটির বিবৃতি তাদের সিদ্ধান্ত গ্রহণকে কোনোভাবে প্রভাবিত করেনি। কিন্তু গবেষকরা লক্ষ্য করেন যে, চ্যাটজিপিটির পক্ষে এবং বিপক্ষের বিবৃতির ওপর নির্ভর করেই অধিকাংশ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অর্থাৎ অংশগ্রহণকারীরা তাদের বিচারবোধের ওপর যে চ্যাটজিপিটির মতো কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব রয়েছে, তা মানতেই নারাজ, যা সত্যিই দুশ্চিন্তার।

দুশ্চিন্তার কারণও খুবই স্পষ্ট। কেননা ২০২৩ সালের এপ্রিল মাসে পিয়েরে নামে এক বেলজিয়াম যুবক

আত্মহত্যা করেন। পরবর্তীতে তার স্ত্রী দাবি করেন যে, পিয়েরের মৃত্যুর কারণ এলিজা নামক একটি চ্যাটবট, যা পিয়েরেকে আত্মহত্যা করতে উদ্বুদ্ধ করে। এ থেকে বোঝা যায়, মানুষ নিজের অজান্তেই কৃত্রিম বুদ্ধিমত্তার দ্বারা এতটা প্রভাবিত হচ্ছে যা তাদের জীবন-মৃত্যুর মতো সিদ্ধান্ত নিতেও প্রভাবিত করছে।

এছাড়াও গবেষকরা গবেষণাপত্রে উল্লেখ করেন,

কৃত্রিম বুদ্ধিমত্তা কীভাবে মানুষের বিচারবোধকে প্রভাবিত করে, তা যেন মানুষকে সচেতন করা হয়। এবং এটাও উল্লেখ্য করেন ভবিষ্যতে যেন এসকল নৈতিক দ্বিধায়ুক্ত প্রশ্নের উত্তরে কৃত্রিম বুদ্ধিমত্তার কোনো ধরনের উত্তর না দেয় কিংবা পক্ষে-বিপক্ষে উভয়ের ক্ষেত্রে যুক্তি এবং সর্বকর্তামূলক অবস্থান করে।

কৃত্রিম বুদ্ধিমত্তাকে আমরা যেটুকু জানি বা বুঝি তার থেকেও অনেক ব্যাপক। তার প্রমাণ হচ্ছে প্রতিনিয়ত নতুন নতুন ঘটনা, যা কৃত্রিম বুদ্ধিমত্তাকে কেন্দ্র করেই ঘটছে। মানুষের মনস্তাত্ত্বিক জগতে কৃত্রিম বুদ্ধিমত্তার হস্তক্ষেপের জন্য এখনও মানুষ প্রস্তুত নয়। আরও ভয়ংকর দিক হচ্ছে সাধারণ মানুষ কৃত্রিম বুদ্ধিমত্তার এই দিকটি স্বীকার করতেই নারাজ, যা আমাদের আরও বেশি উন্মুক্ত করে দিচ্ছে এই কৃত্রিম বুদ্ধিমত্তার প্রতি।

লেখক:

মেহেদি হাসান মিসফতী

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ।



কৃত্রিম বুদ্ধিমত্তার জগতে অগ্রগতি

কৃত্রিম বুদ্ধিমত্তা কী?

কৃত্রিম বুদ্ধিমত্তা হলো মানুষ কিংবা যে-কোনো প্রাণীকে কোনো বিষয়ে অনুমান, সংশ্লেষণ ও তথ্য অনুসন্ধান মেশিনের মাধ্যমে সাহায্যে প্রদর্শিত করা। অন্যভাবে বলা যায় যে, কম্পিউটার সিস্টেম যদি এটি এমন কাজ করতে সক্ষম হয়, যাতে বুদ্ধিমত্তার প্রয়োজন হয়ে থাকে, তবেই তাকে কৃত্রিম বুদ্ধিমত্তা বলা যায়।

আমাদের দৈনন্দিন ইন্টারনেট জীবনে কৃত্রিম বুদ্ধিমত্তার অনেক ব্যবহার ছড়িয়ে-ছিটিয়ে আছে। আপনারা কেউ হয়তো-বা ভয়েস টাইপিং করেন। আপনি কি জানেন, এটি কীভাবে কাজ করে?

অনেক দেশে এখন রাস্তায় রাস্তায় সিসি ক্যামেরা বসানো হয়েছে। এতে জনগণের কঠোর নিরাপত্তা নিশ্চিত করা যাচ্ছে। আপনি কি কখনও ভেবে দেখছেন যে, এগুলো কীভাবে কাজ করে?

খুব সম্প্রতি বিশেষ একটি মডেলের মাধ্যমে শরীরের সামনের ছবি দিয়ে পুরো দেহের একটি আনুমানিক থ্রিডি মডেল তৈরি করা সম্ভব হয়েছে। কিন্তু এই মডেল তৈরী কীভাবে সম্ভব হলো?

আজকাল চ্যাটজিপিটি ও মিদজার্নির মতো কৃত্রিম বুদ্ধিমত্তার বট দিয়ে অনেক কিছু করা যাচ্ছে। আপনি কি জানেন, এগুলো আসলে কীভাবে কাজটা করে থাকে?

জি, হ্যাঁ। আজকে আমরা মূলত এরকম সব আকর্ষণীয় বিষয় নিয়ে আলোচনা করতে যাচ্ছি। চলেন হাতেখড়িতে যাওয়া যাক।

মেশিন লার্নিং কী?

আমরা মানুষরা বেশ সহজেই নতুন কিছু শিখে নেই। তবে একটা যন্ত্র বা মেশিনকে কিছু শেখানো হয়, সেটার পেছনে রয়েছে অনেক ধরনের জটিলসব অ্যালগরিদম ও প্রযুক্তি। আর এই মেশিনকে শেখানোর বিষয়াদি কম্পিউটার সায়েন্সের যে ফিল্ডের অধীনে সেটারই নাম হচ্ছে মেশিন লার্নিং। মানুষের মতো মেশিনেরও কিছু শেখার জন্য বিশাল সংখ্যক ডেটার দরকার হয়।

গণিত এ যেমন অঙ্ক করতে যোগ-বিয়োগ, গুণ-ভাগ জানা থাকতে হয়, তেমনই মেশিন লার্নিং এর জন্য জানতে হয় কিছু মৌলিক বিষয়। ধরুন আপনি কোনো নতুন শহরে গেলেন বাসার খোঁজ করতে। সেখানে আপনি অনেকগুলো বাড়ির তথ্য জোগাড় করলেন। এখন আপনি কিন্তু আনুমানিক একটা ধারণা করতে পারবেন, যে এই শহরে বাড়ির দাম কেমন।

এবার চলুন, দেখি আমরা কীভাবে এই কাজটা কম্পিউটারের সাহায্যে করতে পারি। ধরি আপনি বাড়ির তলার ভিত্তিতে দাম হিসাব করবেন। এজন্য আপনি গ্রাফে X-অক্ষ বরাবর নিলেন বাড়ির তলার সংখ্যা আর Y-অক্ষ বরাবর দাম। তারপর আপনি যদি বিন্দু দিয়ে ডেটাগুলো গ্রাফ এ বসান, তাহলে কিছুটা মনে হবে যেন, একটা কাগজে অনেকগুলো বিন্দু ছড়িয়ে ছিটিয়ে আছে। আপনি কি জানেন, কম্পিউটারকে এখন কী করতে হবে? কম্পিউটার এখন এই বিন্দুগুলোতে কোনো একটি ফাংশনে ফিট

করানোর চেষ্টা করবে। এখানে আপনার কম্পিউটার মূলত এখানে চলকগুলো সহগ (কো-এফিশিয়েন্ট) ও ধ্রুবপদ (কনস্ট্যান্ট) এর মান বের করবে। একটু চিন্তা করে দেখেন, আপনি একটি সরলরেখা এই গ্রাফে ফিট করাতে চাচ্ছেন।

আপনি লক্ষ করলেন যে এইটা পুরোপুরি সম্ভব হচ্ছে না। এখন এখানে আপনাকে বের করতে হবে যে, এই সরলরেখা এর কোন সহগ (কো-এফিশিয়েন্ট) ও ধ্রুবপদ (কনস্ট্যান্ট) এর জন্য সবচেয়ে কম ত্রুটি আসছে (আমরা এখানে গাণিতিক কিছু দেখালে আরও ভালো বোঝা যেতে পারত, কিন্তু সেটা আপাতত দেখাচ্ছি না। সেটা জানতে রেফারেন্স দেখতে পারেন)। কম্পিউটার মূলত কাজ করে, তাই করবে, বারবার একটা একটা করে দেখবে। তারপর যেটাতে সবচেয়ে কম ত্রুটি আসবে, সেটি আপনাকে জানাবে। এবার আপনি দেখুন তো, ১০০ তলা বাড়ির ভাড়া কত হতে পারে? (ফাংশনে সহগ ও ধ্রুবপদ বসিয়ে চলক এর মান ১০০ বসালে যেই মান পাবেন, সেটাই হলো ভাড়ার পরিমাণ)।

এতক্ষণ ধরে আপনারা যা পড়লেন, তা হলো লিনিয়ার রিগ্রেশন, অর্থাৎ অনেকাংশে সরলতম মেশিন লার্নিং এর উদাহরণগুলোর মধ্যে একটি।

বাস্তবিকক্ষেত্রে এখানে বিষয়গুলো আরও অনেক জটিল হয়ে থাকে। ধরুন আপনার তথ্য একদিকে কেন্দ্রীভূত আছে, কিংবা ধরুন রেঞ্জ অনেক বেশি, সেজন্য বিভিন্ন ধরনের নর্মালাইজেশন ব্যবহার করা হয়, যেগুলো নিয়ে আপনারা একটু ঘাটাঘাটি করলেই পেয়ে যাবেন। আর সেখানে এই সরল জিনিসকে কাজে লাগিয়ে জটিল অনেক কাজ করে থাকে। এভাবে ক্রমাগত চেষ্টা ও ভুল থেকে শিক্ষা নেওয়ার

মাধ্যমে এটি নিজেকে ট্রেইন করতে থাকে এবং পূর্বের তুলনায় অধিকতর ভালো ফলাফল দেখাতে পারে।

তো এবার আসা যাক সেই প্রশ্নগুলোতে?

ভয়েস টাইপিং প্রযুক্তির ক্ষেত্রে প্রথমেই যেটা বলতে হবে - এটি মেশিন লার্নিং এরই একটি উদাহরণ। কিন্তু কীভাবে?


আসলে আমরা যখন কথা বলি, তখন আমাদের কথার সাউন্ড ওয়েভকে কম্পিউটার দ্বারা অ্যানালাইসিস করা সম্ভব। এই সাউন্ড ওয়েভ থেকে বর্ণ, অক্ষর, শব্দ এসব ডিটেক্ট করার জন্য প্রি-ট্রেইন্ড মডেলকে কাজে লাগানো হয়, যেটা ইতোমধ্যে অনেক ভঙ্গিমায় উচ্চারিত অনেক অনেক শব্দ থেকে কীভাবে ঠিক শব্দ বুঝে নিতে হয় তা শিখে রেখেছে। এভাবে কম্পিউটার যেটিকে সবচেয়ে ভালো ও উপযুক্ত মনে করে, সেটিকে আপনার সামনে টেক্সট হিসেবে দেখায়।

কম্পিউটার ভিশন : প্রযুক্তির আশ্চর্য

ভাবতেই অবাক লাগে! কম্পিউটার কিনা কোনো মানুষ কিংবা যে-কোনো কিছু দেখে চিনতে পারে যে, সে কে। তাহলে কি ছোটবেলায় আমরা ভুল পড়েছিলাম? না, বরং কম্পিউটার আসলেই ০, ১ ছাড়া কিছুই বুঝে না। আসলে এসবের মূলেও রয়েছে হিসাবনিকাশ। এটিও এক দিক দিয়ে মেশিন লার্নিং এরই উদাহরণ।

এই হিসেবের সময় কম্পিউটার সেই ছবিটির প্রতিটি পিক্সেল বিশ্লেষণ করে, তার ভিত্তিতে অনেক ধাপে সর্বশেষে বস্তুটি হওয়ার সম্ভাবনা জানায়। মূলত কম্পিউটার ভিশন এভাবে কাজ করে থাকে। অর্থাৎ

কোনো ছবির পিক্সেলসমূহের পারস্পরিক হিসাবনিকাশ ও বিশ্লেষণ করার মাধ্যমে সবশেষে ছবিটির বিশ্লেষণের ফলাফল জানায়।



PiFuHD: নিজের থ্রিডি মডেল তৈরি মাত্র একটি ছবি দিয়ে

এখন আমাদের সবচেয়ে কঠিন বিষয় হলো PiFuHD। কেননা এতক্ষণে অনেক ছোটোখাটো বিষয় থেকে এখন অনেক বড়ো বিষয়ে আলোচনা করতে যাচ্ছি। এখানে কোনো মানুষ দেহের কোনো জায়গায় কী কী বিশেষ এলাকা থাকতে পারে, সেই ভিত্তিতে এটা থ্রিডি মডেল তৈরি করে। একাজে অনেক ভালো মানের হার্ডওয়্যার প্রয়োজন হয় (একেকটি ক্ষুদ্র ধাপে বারবার বড় হিসাবনিকাশ হয়ে থাকে, এজন্য)। এই ক্ষেত্রে এখনও অনেক পিছিয়ে আছে বর্তমানের হার্ডওয়্যার। তাই এই পদ্ধতিতে এখনও খুব সূক্ষ্ম ত্রিমাত্রিক মডেল পাওয়া সম্ভব হয়নি। তাছাড়া এই পদ্ধতিতে ডিপ-লার্নিং ও মেশিন-লার্নিংয়ের অনেক গভীর বিষয়াবলি ব্যবহৃত হয়ে থাকে। এই মেশিন-লার্নিং মডেল সম্পর্কে আরও জানতে 'PiFuHD' লিখে গুগল করে দেখতে পারেন।




চ্যাটজিপিটি: বিশ্বয়কর ভার্সুয়াল চ্যাটবট

খুব সাম্প্রতিক সময়ে সোশ্যাল মিডিয়াতে এটি বেশ তাক লাগিয়ে দিয়েছে। মূলত ওপেন এআই চ্যাটবটটি প্রকাশ করে। মজার বিষয় হলো, এই বটকে আপনি যা জিজ্ঞেস করবেন, সে তার-ই উত্তর দিতে সক্ষম (ভুল বলার সম্ভাবনাও আছে কিন্তু!)। আপনি যদি তাকে বলেন কোনো কিছু কোড করে দিতে, তাহলে ও


সেটাও পারবে। আপনি কি জানেন, এটি কীভাবে কাজ করে?

মূলত, মেশিন লার্নিং এর একটি অংশ হলো, 'রিইনফোর্সম্যান্ট লার্নিং'। ইতোমধ্যে আমাদের দেয়া উদাহরণগুলোতে তার ব্যবহার রয়েছে। অর্থাৎ এটি দ্বারা চ্যাট-জিপিটি মূলত আমাদের প্রশ্নগুলোকে ব্যবহার করে নিজের আরও উন্নতি করে এবং আমাদের আরও ভালো ফলাফল দেয়। প্রাথমিকভাবে জিপিটি-৩ মডেল ব্যবহৃত হয়েছে, যা এই 'রিইনফোর্সম্যান্ট লার্নিং' এর মাধ্যমে আরও উন্নত হয়ে আমাদেরকে এমন উত্তর দিচ্ছে।

চ্যাট-জিপিটি এর সাথে কথোপকথনের কিছু ছবিঃ



ছবিঃ theatlantic.com



ছবিঃ beebom.com



মিডজার্নি এ.আই: যে-কোনো ধরনের ছবির কৃত্রিম উৎস

আপনি কখনো ভেবে দেখেছেন কি, যে আপনি যে রকম ছবি


চাচ্ছেন, কেউ আপনাকে ঠিক সেরকম ছবিই দিচ্ছে? হ্যাঁ, মিডজার্নি এআই সেটিকে বাস্তবে রূপ দিয়েছে। কিন্তু এটি কীভাবে কাজ করে?

আপনি যদি এআইকে কোনো কিছুর ছবি দেখাতে বলেন, তাহলে এআই আপনার লেখাগুলোকে বিশ্লেষণ করবে, এবং একে ছবিতে রূপ দিবে। এজন্য এআই প্রতিটি শব্দকে এটি ব্যবহার করবে, এবং সর্বশেষ এগুলো সমন্বয় করে আপনাকে কয়েকটি ছবি দেখাবে। বর্তমানে এটি ডিসকর্ড এর একটি বট দিয়ে মিডজার্নিকে এক্সেস করা যায়। আপনিও চাইলে এটি ট্রাই করে দেখতে পারেন।

মিডজার্নি এআই কর্তৃক প্রস্তুতকৃত কিছু ছবিঃ



midjourney.com



ছবি: midjourney.com

সবশেষে

আমাদের এই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের পরিধি শুধু মেশিন লার্নিং না। এটির পরিধি অনেক বিস্তৃত। কেননা বুদ্ধিমত্তা নানা প্যাটার্ন সহ আরও অনেক কিছু ব্যবহার করে থাকে, যেটি সবক্ষেত্রে মেশিন লার্নিং নাও হতে পারে। কিন্তু যত প্রযুক্তির উন্নতি হচ্ছে আমাদেরকে এগুলোর ব্যবহার সম্পর্কে আরও সচেতন হতে হবে। এবং এর ভালো দিকগুলোর ব্যবহারের মাধ্যমে আমরা ইন-শা-আল্লাহ মানুষের (বিশেষত প্রতিবন্ধীদের) আরও অনেক উপকারে আনতে কাজ চালাতে সক্ষম।

লেখক:

মোহাম্মদ কামরুল হাসান
রাজউক উত্তরা মডেল কলেজ

একটু শুনুন

বিজ্ঞান নিয়ে কাজ করতে গিয়ে আমাদের মাঝে মাঝেই আর্থিক সহায়তার প্রয়োজন হয়। আপনাদের হতে প্রাপ্ত অনুদানে আমরা কাজ এগিয়ে নিয়ে যেতে সমর্থ হই! এজন্য আমরা আপনাদের প্রতি কৃতজ্ঞ আমাদের সকল আয়-ব্যয়ের খতিয়ান আমাদের ওয়েবসাইটের সাপোর্ট পেইজে পাবেন! আমাদের অনুদানের ঠিকানা-

<https://tachyonts.com/>

quiz ? !

গণিত কুইজ ০১

১. যদি ২৩০০ সালে কোনো এক পার্টিতে ২৬৬ জন উপস্থিত থাকে, তবে কমপক্ষে কতজনের জন্মদিন একই হবে?

ক. ০ খ. ২ গ. ৩ ঘ. ৪

২. ৭টি ডিস্কযুক্ত 'টাওয়ার অব হ্যানয়' প্রবলেম সমাধান করতে কতগুলো টার্ম বা মুভ লাগবে?

ক. ১২৭ খ. ২৯৪ গ. ৪৯ ঘ. ৩৪৩

৩. ধরুন আপনার কাছে ৩৯টি মার্বেল আছে, যাদের মধ্যে একটির ভর ভিন্ন (কম/বেশি), বাকিগুলোর ভর একই। আপনার কাছে একটি দাঁড়িপাল্লা আছে। সবচেয়ে খারাপ পরিস্থিতিতে সর্বনিম্ন কতগুলো ধাপে ভিন্নভরের মার্বেলটি খুঁজে পাওয়া সম্ভব?

ক. ৫ খ. ৬ গ. ১৩ ঘ. ১৯

রসায়ন কুইজ ০১

১. মানুষের শরীরে কোন অ্যামাইনো অ্যাসিডটির পরিমাণ সবচেয়ে বেশি?

ক. লাইসিন খ. গ্লুটামিন,
গ. সেলেনোসিস্টিন ঘ. আইসোলুসিন

২. তরল অক্সিজেনের রং কোনটি?

ক. নীল খ. সাদা
গ. রূপালি ঘ. হালকা লাল

৩. আল কিমিয়া দ্বারা কী বোঝায়?

ক. রসায়ন খ. পদার্থবিজ্ঞান,
গ. মিশরীয় সভ্যতা ঘ. জ্ঞান বিজ্ঞান

পদার্থবিজ্ঞান কুইজ ০১

১. নিচের কোনটি ব্যারিয়ন?

ক. ইলেকট্রন খ. নিউট্রন,
গ. মিওন ঘ. পজিট্রন

২. n-p-n ট্রানজিস্টরে 'p' কী?

ক. নিঃসারক খ. বিবর্ধক
গ. সংগ্রাহক ঘ. পীঠ

৩. তেজস্ক্রিয়তাকে আবিষ্কার করেন?

ক. পিয়েরি কুরি খ. বেকরেল
গ. থমসন ঘ. রঞ্জন

জীববিজ্ঞান কুইজ ০১

১. স্নায়ুতন্ত্রের কোন অংশ সক্রিয় কাজকর্মে অংশ নেয়?

ক. হাইপোথ্যালামাস
খ. মেডুলা অবলংগাটা
গ. সুম্ব্রাকান্ড
ঘ. সেরেবেলাম

২. নিচের কোনটি মিশ্রগ্রন্থি?

ক. অগ্ন্যাশয়
খ. পিটুইটারি
গ. থাইরয়েড
ঘ. যকৃৎ

৩. নিচের কোন প্রাণীর হৃৎপিণ্ড ১৩টি প্রকোষ্ঠে বিভক্ত?

ক. জেঁক খ. শামুক
গ. ইলিশ মাছ ঘ. তেলাপোকা

মহাকাশ কুইজ ০১

১. জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ প্রদক্ষিণ করছে-

- ক. মঙ্গলকে খ. সূর্যকে
গ. বুধকে ঘ. বৃহস্পতিকে

২. আর্টেমিস মিশনের উদ্দেশ্য কি?

- ক. মঙ্গল যাত্রা ও তথ্য অনুসন্ধান
খ. চাঁদে মানুষ প্রেরণ
গ. বৃহস্পতির উপগ্রহ যাত্রা
ঘ. মহাকাশের গ্রহাণু থেকে পৃথিবীকে রক্ষা

৩. জেমস ওয়েব টেলিস্কোপটির প্রাথমিক মিরর কী দিয়ে তৈরি?

- ক. অ্যালুমিনিয়াম
খ. বেরিয়াম
গ. সোনা আবৃত বেরিলিয়াম
ঘ. সোনা আবৃত কপার

উত্তর পাঠাতে পাঠান আমাদের ফেইসবুক পেইজে কিংবা ই-মেইল করুন আমাদের ঠিকানায়। সেরা তিন উত্তরদাতার নাম প্রকাশ পাবে আগামি সংখ্যার ম্যাগাজিনে।

ফেইসবুক পেইজ: www.facebook.com/TachyonTs

ই-মেইল: editortachyon@gmail.com

রেফারেন্স

জলবায়ুঃ প্রভাব আসলে কতদূর?

১। [understanding climate change global temperature](https://www.understandingclimatechange.org/global-temperature)

২। [causes effects of climate change](https://www.causesandeffects.org/climate-change)

৩। Wikipedia for climate change effects & causes,& statistics

৪। Book - Climate action challenge - Joan Gregerson

সামাজিক যোগাযোগ মাধ্যমের জাদুর কাঠিঃ
অ্যালগরিদম

<https://datasciencedojo.com/blog/social-media-algorithms/>

<https://blog.hootsuite.com/social-media-algorithm/>

<https://digitalmarketinginstitute.com/.../how-do-social> ...

https://www.researchgate.net/.../355479653_Is_YouTube_a

<https://help.twitter.com/en/using-twitter/twitter-timeline>

<https://youtu.be/tPqI0n44zP8>

গাক্রান্ত চা পাতা শনাক্তে বাংলাদেশি বিজ্ঞানীদের
আবিষ্কার

Soeb, M.J.A., Jubayer, M.F., Tarin, T.A. *et al.* Tea leaf disease detection and identification based on YOLOv7 (YOLO-T). *Sci Rep* 13, 6078 (2023).

The Game Of Uncertainty

Heat and Thermodynamics by Brijlal and N. Subrahmayam; 2000 edition page 303

<https://web.stanford.edu/group/dabmgrou>

[p/cgi-bin/dabm/wp-content/uploads/2021/12/Lecture_12.pdf](https://www.britannica.com/science/uncertainty-principle)
<https://www.britannica.com/science/uncertainty-principle>

<https://www.newscientist.com/article/dn18541-what-happens-at-absolute-zero/>

Collins, P.D.B, A.D. Martin, and E.J. Squires. Particle Physics and Cosmology. John Wiley & Sons: Durham, England, 1989

<https://www.britannica.com/topic/determinism>

<https://openstax.org/books/college-physics-2e/pages/33-1-the-yukawa-particle-and-the-heisenberg-uncertainty-principle-revisited#:~:text=The%20range%20of%20the%20force%20is%20limited%20by,the%20larger%20the%20mass%20of%20the%20carrier%20particle.>

<https://www.britannica.com/topic/determinism>

<https://openstax.org/books/college-physics-2e/pages/33-1-the-yukawa-particle-and-the-heisenberg-uncertainty-principle-revisited#:~:text=The%20range%20of%20the%20force%20is%20limited%20by,the%20larger%20the%20mass%20of%20the%20carrier%20particle.>

<https://openstax.org/books/college-physics-2e/pages/33-1-the-yukawa-particle-and-the-heisenberg-uncertainty-principle-revisited#:~:text=The%20range%20of%20the%20force%20is%20limited%20by,the%20larger%20the%20mass%20of%20the%20carrier%20particle.>

<https://openstax.org/books/college-physics-2e/pages/33-1-the-yukawa-particle-and-the-heisenberg-uncertainty-principle-revisited#:~:text=The%20range%20of%20the%20force%20is%20limited%20by,the%20larger%20the%20mass%20of%20the%20carrier%20particle.>

<https://openstax.org/books/college-physics-2e/pages/33-1-the-yukawa-particle-and-the-heisenberg-uncertainty-principle-revisited#:~:text=The%20range%20of%20the%20force%20is%20limited%20by,the%20larger%20the%20mass%20of%20the%20carrier%20particle.>

বৃত্ত কেন ৩৬০°?

অক্ষ ভাইয়া,

Science abc

Quora

চ্যাটজিপিটি মানুষকে নৈতিকভাবে প্রভাব ফেলতে সক্ষম!

[New Study: ChatGPT Can Influence Users' Moral Judgments](#)
[ChatGPT's inconsistent moral advice influences users' judgment | Scientific Reports](#)

কৃত্রিম বুদ্ধিমত্তার জগতে অগ্রগতি

1. Artificial intelligence - Wikipedia
2. Machine learning - Wikipedia
3. Supervised Machine Learning: Regression and Classification | Coursera
4. Reinforcement learning - Wikipedia
5. What is Speech to Text? - Transcription Beginner's Guide - AWS (amazon.com)
6. Deep Reinforcement Learning for Text and Speech | Request PDF (researchgate.net)

7. But what is a neural network? | Chapter 1, Deep Learning - YouTube
8. facebookresearch/pifuhd: High-Resolution 3D Human Digitization from A Single Image. (github.com)
9. ChatGPT: The Most Advanced AI Chatbot in 2022
10. How to do DALL·E 2, Stable Diffusion, and Midjourney Work? - MarkTechPost
11. Midjourney

গুগল বার্ড কি নিজে নিজে বাংলা শিখেছে?

<https://youtu.be/880TBXMuzmk>
https://twitter.com/mmitchell_ai/status/1648036667071266817?t=Oa3ggqJQd2rO6D2BrF1fQQ&s=19

আমরা গ্রাফিক্স ডিজাইনার খুঁজছি

আমরা বিজ্ঞান বিষয়ক লেখাগুলোকে আরও সৌন্দর্যমন্ডিত করতে আমরা কিছু নিবেদিতপ্রাণ গ্রাফিক্স ডিজাইনার খুঁজছি। আপনি যদি সহযোগী মনোভাব সম্পন্ন ও কাজে আগ্রহী হোন,
তাহলে আজই আমাদেরকে **ই-মেইল** করুন আপনার তৈরি করা পূর্ব ডিজাইনসমূহ।

editortachyon@gmail.com

